হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৩ ঃ সংখ্যা-১৭২ ঃ মেহেরপুর- সোমবার ৩০ জুন ২০২৫ ইং ঃ ১৬ আষাঢ় ১৪৩২ বাংলা ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা



আমি যে কতটা রোমান্টিক দর্শক এটা বুঝতে পারছেন না - পৃষ্ঠা-৩

## সবার জন্য বাসযোগ্য ও বৈষম্যহীন পৃথিবী গড়তে চাই: প্রধান উপদেষ্টা

নিজস্ব প্রতিবেদক

প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস বলেছেন, থ্রি জিরোর লক্ষ্য নিয়ে আমরা এগোচ্ছি। থ্রি জিরো হলো- শূন্য দারিদ্র্য, শূন্য বেকারত্ব ও শূন্য কার্বন নিঃসরণ। এর মাধ্যমে আমরা সবার জন্য বাসযোগ্য ও বৈষম্যহীন পৃথিবী গড়ে তুলতে চাই।

রোববার (২৯ জুন) সকালে নর্থ সাউথ ইউনিভার্সিটিতে আয়োজিত 'সোশ্যাল বিজনেস অ্যাকাডেমিয়া ডায়লগ' ও 'থ্রি জিরো ক্লাব কনভেনশন' অনুষ্ঠানে ভিডিও বার্তায় তিনি এসব কথা বলেন। যৌথভাবে এ অনুষ্ঠানের আয়োজন করে নর্থ সাউথ ইউনিভার্সিটি এবং ইউনূস সেন্টার।

অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস বলেন, সোশ্যাল বিজনেস শুধু একটি ধারণা নয়, এটি এখন একটি সামাজিক আন্দোলনে পরিণত হয়েছে। বাংলাদেশে সোশ্যাল বিজনেস চর্চার ক্ষেত্রে নর্থ সাউথ ইউনিভার্সিটি দীর্ঘদিন ধরে অগ্রণী ভূমিকা রাখছে। সোশ্যাল বিজনেস ফোরাম

২-এর পৃষ্ঠা দেখুন




পরিসংখ্যান বলছে—

| মাস | ২০২৪ সালে নিষ্পত্তি | ২০২৫ সালে নিষ্পত্তি |
|---|---|---|
| ফেব্রুয়ারি | ৫টি | ২৪টি |
| মার্চ | ১৮টি | ৬২টি |
| এপ্রিল | ৯টি | ৫৭টি |
| মে | ১৮টি | ৫৯টি |
| জুন (২৬ তারিখ পর্যন্ত) | ১১টি | ২৩টি |
| মোট | ৬১টি | ২২৫টি |

### বিচারের বাণী আর কাঁদে নাঃ মেহেরপুরে ৫ মাসে ২২৫ মামলা নিষ্পত্তি

## রেকর্ড গড়লো মেহেরপুর চীফ আদালত

নিজস্ব প্রতিবেদক

সকাল সাড়ে ১১টা থেকে দুপুর ২টা। মেহেরপুর জজ আদালত ভবনের সিঁড়ি দিয়ে দ্বিতীয় তলায় উঠতেই একটি বিচারিক আদালতের সামনে করিডোরে দেখা গেল মানুষের উপচেপড়া ভীড়। সাধারণতঃ বড় কোন মামলার রায়ের দিন উৎসুক মানুষের এমন ভীড় থাকে। ভীড়ের কারণ জানতে পঞ্চাশ উর্ধ্ব বয়সী আমিনা হালসানা স্বস্থির সুরে বললেন- ১০ বচুর আগির কেচ, কতবার সাক্ষী এনিচি, ঘোরৎ দিইচে। ইবার ৩ সাক্ষী এনিচি, ঘোরৎ দেয়নি। ইবার সাক্ষী নিইলে কেচ শেষ হবি। উঁকি দিয়ে আদালতের ভিতরে তাকাতেই দেখা গেল ভিতরে আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যরা বসা। দরজায় পাহারারত পুলিশ সদস্যকে প্রশ্ন করলে তিনি জানালেন- বিভিন্ন মামলার সরকারী সাক্ষী দিতে তারা দেশের বিভিন্ন জেলা থেকে আদালতে এসেছেন। অর্থাৎ ভিতরে বাইরে সাক্ষীদের উপস্থিতিতে ভরা মেহেরপুর মুখ্য বিচারক হাকিম শাহজাহান আলীর আদালত চত্বর।

এ সময় আইনজীবিদের দেখা গেল "হন্তদন্ত" অবস্থা। এ কোর্ট থেকে ও কোর্টে ছুটাছুটি। তবে, অধিকাংশের গন্তব্য চীফ আদালতের দিকে। সুষ্ট বিচারের স্বার্থে একদিনে এত সাক্ষী করানো সম্ভব কিনা প্রশ্ন করতেই একজন আইনজীবি বললেন- চীফ স্যার সাক্ষীর প্রশ্নে জিরো টলারেন্স। যত সাক্ষী আসুক, যত বেলায় হোক তিনি সব সাক্ষী জেরা নিয়ে প্রতিদিন আদালত শেষ করেন। তিনি বলেন- সব কোর্ট সামলে এত সাক্ষী আইনজীবিদের জন্য চাপ হলেও নতুন বিচারকের মানবিক দৃষ্টিভঙ্গির কারণে এই আদালতে প্রচুর মামলা নিষ্পত্তি হচ্ছে। এতে বিচারপ্রার্থী মানুষের হয়রানি কমছে। মানুষ খুশি মন নিয়ে বাড়ি ফিরছে। মেহেরপুর চীফ জুডিশিয়াল আদালত সূত্রে খোঁজ নিয়ে জানা গেলো তেমনই অবাক করা তথ্য। সংশ্লিষ্ট আদালত সূত্র জানান- সাক্ষী জেরা শেষ করে

২-এর পৃষ্ঠা দেখুন

### মেহেরপুর সরকারি বালিকা বিদ্যালয়ে গণিত প্রশ্ন ফাঁস

## শিক্ষকদের 'সিন্ডিকেট' নিয়ে ক্ষুব্ধ অভিভাবকরা

রাব্বি আহমেদ

মেহেরপুর সরকারি উচ্চ বালিকা বিদ্যালয়-এর নবম শ্রেণির গণিত বিষয়ের অর্ধবার্ষিক পরীক্ষার প্রশ্ন ফাঁসের অভিযোগে পুরো শহরে চাঞ্চল্য ছড়িয়ে পড়েছে। শনিবার সন্ধ্যায় ফাঁস হওয়া হাতে লেখা প্রশ্নপত্র সাথে পরদিন রোববার অনুষ্ঠিত পরীক্ষার প্রশ্নের সঙ্গে ফাঁস হওয়া প্রশ্নের একাধিক অংশের মিল পাওয়া যায়। এ নিয়ে অভিভাবকদের মধ্যে তীব্র ক্ষোভের সৃষ্টি হয়েছে। শিক্ষার মান রক্ষা ও শিক্ষা প্রতিষ্ঠানের প্রতি শিক্ষার্থীদের আস্থা ধরে রাখতে দ্রুততম সময়ের মধ্যে কঠোর ও দৃষ্টান্তমূলক পদক্ষেপ নেওয়ার আহ্বান জানিয়েছেন অভিভাবকরা।

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন নামের একটি সংগঠন প্রধান শিক্ষক আব্দুল লতিব-এর কাছে আগেই ফাঁস হওয়া প্রশ্নের কপি জমা দেয়। কিন্তু প্রধান শিক্ষক শুরুতে বিষয়টিকে গুরুত্ব না দিয়ে বলেন, "প্রশ্নের সঙ্গে কোনও মিল নেই।" অথচ পরীক্ষার পর দেখা যায়, ফাঁস হওয়া প্রশ্নের সঙ্গেই পরীক্ষার প্রশ্ন হুবহু মিলে গেছে। সংগঠনটি তাদের সামাজিক মাধ্যমে লেখে: "গতকাল সন্ধ্যায় সাজেশনের নামে নবম শ্রেণির গণিত প্রশ্ন তুলে দেওয়া হয় ছাত্রীর হাতে। প্রধান শিক্ষক প্রথমে অস্বীকার করলেও আজকের মূল প্রশ্নে দেখা গেছে, সংক্ষিপ্ত প্রশ্নগুলোসহ সৃজনশীলের ২টি প্রশ্ন হুবহু মিলে গেছে।" অভিভাবক খন্দকার মিজু বলেন, "মেহেরপুরের শিক্ষা ব্যবস্থার করুণ দশা চলছে। দীর্ঘদিন ধরে কিছু শিক্ষক সাজেশন ও এমসিকিউ প্রশ্ন দিয়ে প্রাইভেট ব্যবসা চালাচ্ছে। এখানকার একাংশ শিক্ষক সিন্ডিকেটে জড়িয়ে পড়েছেন।" অভিভাবক সামসুজ্জামান বলেন, "এরা একটা সিন্ডিকেট গড়ে তুলেছে। নিজেদের বাইরে ছাত্রদের যেতে দেয় না। স্কুলের ভেতরে প্রাইভেট চলে। পুরো বিষয়টা একটা ব্যবসায় রূপ নিয়েছে।" অভিভাবক সাবিনা ইয়াসমিন জানান, "গত ৭ জানুয়ারির অভিভাবক সমাবেশে বিদ্যালয়ের নানা অনিয়ম তুলে ধরা হয়েছিল। তখন জেলা প্রশাসক, বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি সিফাত মেহনাজ ও শিক্ষকরা উপস্থিত ছিলেন। ছয় মাস কেটে গেলেও কোনো অগ্রগতি হয়নি, বরং দুর্নীতি বেড়েছে।" প্রধান শিক্ষক আব্দুল লতিব জানান, "বিষয়টি তদন্তাধীন। নবম শ্রেণিতে চারজন শিক্ষক গণিত পড়ান। যার বিরুদ্ধে প্রমাণ মিলবে, তাঁর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা নেওয়া হবে।" এ বিষয়ে মেহেরপুরের অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) তাজওয়ারা আকরাম সাকাপি ইবনে সাজ্জাদ বলেন, "বিষয়টি মৌখিকভাবে জেনেছি। তদন্ত চলছে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে কড়া বার্তা দেওয়া হয়েছে যাতে ভবিষ্যতে এমন ঘটনা না ঘটে।"

## সাবেক সিইসি হাবিবুল আউয়াল কারাগারে

নিজস্ব প্রতিবেদক

রাষ্ট্রদ্রোহের অভিযোগে শেরেবাংলা নগর থানার মামলায় সাবেক প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কাজী হাবিবুল আউয়ালকে রিমান্ড শেষে কারাগারে পাঠানো হয়েছে।

রোববার (২৯ জুন) ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট জিএম ফারহান ইশতিয়াক জামিন আবেদন নামঞ্জুর করে তাকে কারাগারে পাঠানোর আদেশ দেন।

এর আগে গত ২৬ জুন হাবিবুল আউয়ালের তিন দিনের রিমান্ড মঞ্জুর করেন আদালত। সেই রিমান্ড শেষে আজ তাকে

২-এর পৃষ্ঠা দেখুন




## মেহেরপুর পৌরসভার ৪০ কোটি টাকার বাজেট ঘোষণা

মেহেরপুর প্রতিনিধি

মেহেরপুর পৌরসভার ২০২৫-২৬ অর্থবছরের জন্য ৪০ কোটি ৩৪ লাখ ৯৮ হাজার টাকার প্রস্তাবিত বাজেট ঘোষণা করা হয়েছে। রবিবার সকালে পৌরসভা মিলনায়তনে এক অনুষ্ঠানের মাধ্যমে এ বাজেট ঘোষণা করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পৌরসভার প্রশাসক মো. তরিকুল ইসলাম। প্রস্তাবিত বাজেট উপস্থাপন করেন পৌরসভার

২-এর পৃষ্ঠা দেখুন

## গাংনীতে ৭০ পিচ ইয়াবাসহ ওয়ার্ড আ. লীগের সম্পাদক গ্রেফতার

মেহেরপুর প্রতিনিধি

মেহেরপুরের গাংনীতে ইয়াবাসহ ইউনুস আলী (৩৬) নামে ওয়ার্ড আওয়ামী লীগের এক নেতাকে গ্রেফতার করেছে জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি)। শনিবার সন্ধ্যায় গোপন সংবাদের ভিত্তিতে মেহেরপুর ডিবি পুলিশের একটি দল অভিযান চালিয়ে তাকে আটক করে। আটক ইউনুস আলী গাংনীর মানিকদিয়া গ্রামের বাসিন্দা এবং স্থানীয় ৮নং ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক।

ডিবির ওসি গোপাল কুমার আজ রবিবার সকালে জানান জানান, গাংনী মানিকদিয়া গ্রামের নিষিদ্ধ

২-এর পৃষ্ঠা দেখুন

## গাংনীতে টিসিবি কার্ড অ্যাক্টিভেশনের নামে টাকা আদায়ের অভিযোগ

গাংনী প্রতিনিধি



মেহেরপুরের গাংনী উপজেলার ধানখোলা ইউনিয়নে টিসিবির (ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ) স্মার্ট কার্ড অ্যাক্টিভেশনের নামে কার্ডধারীদের কাছ থেকে টাকা আদায়ের অভিযোগ উঠেছে। ইউনিয়ন পরিষদের উদ্যোক্তা ও মেম্বারদের বিরুদ্ধে এই অভিযোগ করেছেন কার্ডধারী ভুক্তভোগীরা। তাদের দাবি, প্রতি কার্ডে ৫০ টাকা করে নেওয়া হচ্ছে, যা সম্পূর্ণ অনিয়ম ও বেআইনি।

সরেজমিনে ধানখোলা ইউনিয়ন পরিষদ চত্বরে গিয়ে দেখা যায়, দীর্ঘ লাইনে দাঁড়িয়ে রয়েছেন কার্ডধারীরা। লাইনে দাঁড়িয়ে থাকা অবস্থাতেই উদ্যোক্তা মিকাইল হোসেন প্রত্যেকের কাছ থেকে ৫০ টাকা করে নিচ্ছেন। কেউ টাকা দিতে অস্বীকৃতি জানালে তাকে সেবা না দিয়ে ফিরিয়ে দেওয়া হচ্ছে বলে অভিযোগ। ষানঘাট গ্রামের

২-এর পৃষ্ঠা দেখুন

## দেড় মাসেও গ্রেফতার হয়নি ইলিয়াস হত্যা আসামিরা

গাংনী প্রতিনিধি

মেহেরপুরের গাংনী উপজেলার গাড়াবাড়িয়া গ্রামে চাঞ্চল্যকর ইলিয়াস হোসেন হত্যা মামলার এজাহারভুক্ত দুই আসামী এখনও গ্রেফতার না হওয়ায় ক্ষোভে ফুঁসছে নিহতের পরিবার ও স্থানীয়রা।

গত ৮ মে ভোরে ষোলটাকা ইউনিয়নের সবুজ আহমেদ নামের মাদকাসক্ত এক যুবক তার চাচা শ্বশুর ইলিয়াস হোসেনকে ছুরিকাঘাতে হত্যা করে। ঘটনার পর স্থানীয়দের সহায়তায় সবুজকে তাৎক্ষণিকভাবে আটক করে পুলিশে সোপর্দ করা হয়। নিহতের ভাই আব্দুল মাবুদ হোসেন বাদী হয়ে সবুজ

২-এর পৃষ্ঠা দেখুন

## ১৬ জুলাই 'জুলাই শহীদ দিবস' ও ৫ আগস্ট 'গণঅভ্যুত্থান দিবস'

নিজস্ব প্রতিবেদক

প্রতি বছর ১৬ জুলাই 'জুলাই শহীদ দিবস' এবং ৫ আগস্ট 'জুলাই গণঅভ্যুত্থান দিবস' হিসেবে উদযাপিত হবে। তবে ৮ আগস্ট আর কোনো বিশেষ দিবস হিসেবে পালিত হবে না।

রোববার (২৯ জুন) উপদেষ্টা পরিষদের বৈঠকে এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। প্রধান উপদেষ্টার প্রেসসচিব শফিকুল আলম তার ভেরিফায়েড ফেসবুকে এ তথ্য জানান।

তিনি বলেন, উপদেষ্টা পরিষদ ১৬ জুলাই 'জুলাই শহীদ দিবস এবং ৫ আগস্ট 'জুলাই গণঅভ্যুত্থান দিবস' উদযাপনের সিদ্ধান্ত নিয়েছে। ৮ আগস্ট কোনো বিশেষ দিবস উদযাপন হবে না।

বিষয়টি নিয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমে নানা আলোচনা তৈরি হয়। এরই প্রেক্ষাপটে ৮ আগস্ট দিবস পালনের সিদ্ধান্ত প্রত্যাহার হলো।

এর আগে গত বুধবার (জুন ২৫) ছাত্র-জনতার অভ্যুত্থানে আওয়ামী লীগ সরকার পতনের

২-এর পৃষ্ঠা দেখুন



## বামন্দী-কাজীপুর সড়কে খানাখন্দের রাজত্ব, ঝুঁকিপূর্ণ যাতায়াত

গাংনী প্রতিবেদক

মেহেরপুরের গাংনী উপজেলার বামন্দী-কাজীপুর সড়কটি দীর্ঘদিন সংস্কার না হওয়ায় এখন চলাচলের অনুপযোগী হয়ে পড়েছে। খানাখন্দে ভরা এই সড়ক দিয়ে প্রতিদিন হাজার হাজার মানুষ যাতায়াত করে। সামান্য বৃষ্টিতেই গর্তে পানি জমে, তখন বোঝা যায় না কোথায় গর্ত, কোথায় সমান রাস্তা। এতে প্রতিনিয়ত ঘটছে দুর্ঘটনা।

সড়কটির অধিকাংশ স্থানে কার্পেটিং উঠে ইটের খোয়া বের হয়ে বড় বড় গর্তের সৃষ্টি হয়েছে। ফলে নিত্যযাত্রী থেকে শুরু করে যানবাহন চালক, রোগী পরিবহন এবং কৃষিপণ্য পরিবহনে দুর্ভোগ পোহাতে হচ্ছে সবাইকে। ইজিবাইক, নসিমন, মোটরসাইকেল, এমনকি বড় যানবাহন পর্যন্ত এসব গর্তে পড়ে দুর্ঘটনায় পতিত হচ্ছে। নসিমন চালক জাফর আলী বলেন, "ভাঙাচোরা রাস্তায় চলাচল করতে গিয়ে প্রতিদিনই দুর্ঘটনা ঘটছে। গাড়ির যন্ত্রপাতি নষ্ট হয়ে যায়। বেশি মালও নিতে পারি না। আমাদের জীবিকার একমাত্র ভরসা এই যানবাহনটিও হুমকির মুখে।" স্থানীয় পথচারী ও ভ্যানচালক আজমাইন হোসেন বলেন, "রাস্তাগুলোর এতটাই খারাপ অবস্থা যে শুকনো মৌসুমে ধুলাবালি, আর বর্ষায় গর্তে জমে থাকা পানিতে বোঝা যায় না কোথায় রাস্তা আর কোথায় গর্ত। এতে প্রায়ই দুর্ঘটনা ঘটে, যানবাহন নষ্ট হয়।" একই অভিযোগ অটোচালক পল্টু মিয়ারও। তিনি বলেন, "রোগী নিয়ে হাসপাতালে যাওয়ার সময় অতিরিক্ত ঝাঁকুনিতে রোগীদের কষ্ট আরও বেড়ে যায়। সুস্থ মানুষও কাহিল হয়ে পড়ে এই রাস্তায়।"

বাজারে যাতায়াত ও কৃষিপণ্য পরিবহনের জন্য গুরুত্বপূর্ণ এই সড়কটি দ্রুত সংস্কার না হলে এলাকার অর্থনীতি ক্ষতিগ্রস্ত হবে বলে মনে করছেন স্থানীয় চাষি ও ব্যবসায়ীরা। এ বিষয়ে জানতে চাইলে গাংনী উপজেলা প্রকৌশলী ফয়সাল হোসেন বলেন, "বামন্দী-কাজীপুর সড়কে খানাখন্দের বিষয়টি আমাদের জানা আছে। মাঝে মাঝে বৃষ্টি হওয়ায় কাজ শুরু করা যাচ্ছে না। আবহাওয়া অনুকূলে এলেই দ্রুত সংস্কারকাজ শুরু করা হবে।"

তিনি আরও জানান, "উপজেলার অন্যান্য ভাঙাচোরা রাস্তাগুলোর সংস্কারের জন্যও বরাদ্দের অপেক্ষায় আছি। বরাদ্দ এলেই প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।"

## নেতাদের মধ্যে মারামারি, সচিবালয়ে বিক্ষোভ

নিজস্ব প্রতিবেদক

সরকারি চাকরি আইন ২০২৫ বাতিলের দাবিতে সচিবালয়ের অভ্যন্তরে আন্দোলনরত নেতাদের মধ্যে বিভক্তি দেখা দিয়েছে। সচিবালয়ের অভ্যন্তরে স্থাপিত ক্যান্টিন পরিচালনা নিয়ে মারামারি করেছে দুই গ্রুপ। এই ঘটনায় এক পক্ষের বিরুদ্ধে বিক্ষোভ করেছে অন্যপক্ষ। হামলাকারী গ্রুপের ডাকে কোনও আন্দোলনে না যাওয়ারও হুঁশিয়ারি দিয়েছেন তারা।

রবিবার (২৯ জুন) দুপুরে সচিবালয়ে কর্মকর্তার-কর্মচারী সংযুক্ত পরিষদের 'নূরুল-মোজাহিদ' অংশের মহাসচিব মোজাহিদুল ইসলাম সেলিমের নেতৃত্বে অন্তত ২০-২৫ জন কর্মচারী বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেন। তারা পরিষদের অন্য অংশের সভাপতি বাদিউল

২-এর পৃষ্ঠা দেখুন

## জুলাই শহীদ সাংবাদিক পরিবারকে সম্মাননা দেবে তথ্য মন্ত্রণালয়

নিজস্ব প্রতিবেদক

জুলাই গণঅভ্যুত্থানের বর্ষপূর্তি উদযাপন উপলক্ষে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় শহীদ সাংবাদিক পরিবারকে সম্মাননা, অনুদান ও উপহার দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে।

রবিবার (২৯ জুন) তথ্য মন্ত্রণালয় থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়েছে।

সংবাদ বিজ্ঞপ্তিতে তথ্য মন্ত্রণালয় জানিয়েছে, জুলাই গণঅভ্যুত্থানের বর্ষপূর্তি উদযাপন উপলক্ষে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় শহীদ সাংবাদিক পরিবারকে সম্মাননা, বিশেষ অনুদান ও উপহার দেবে।

২-এর পৃষ্ঠা দেখুন




## মেহেরপুর ও দামুড়হুদায় তামাক বিরোধী প্রশিক্ষণ

নিজেস্ব প্রতিনিধি

তামাকের ক্ষতিকর প্রভাব রোধ ও তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নের লক্ষ্যে মেহেরপুর ও চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলয় প্রশাসনের উদ্যোগে তামক বিরোধি কমশলা অনুষ্ঠিত হয়েছে।

মেহেরপুর : গতকাল রবিবার সকালে মেহেরপুর সদর উপজেলা প্রশাসনের উদ্যোগে উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে আয়োজিত তামাক বিরোধী কর্মশালায় বিভিন্ন সরকারি দপ্তর, সামাজিক সংগঠন এবং গণমাধ্যম প্রতিনিধিরা অংশ নেন। উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মোঃ খায়রুল ইসলামের সভাপতিত্বে প্রশিক্ষণটি পরিচালনা করেন মেডিকেল অফিসার ডাঃ কামরুন নাহার। তিনি তামাক নিয়ন্ত্রণ আইন, এর বাস্তবায়ন কৌশল এবং জনস্বাস্থ্যে তামাকের বিরূপ প্রভাব নিয়ে বিশদ আলোচনা করেন। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ আঞ্জুমান আরা, পুলিশ পরিদর্শক আমিনুল ইসলাম, মহিলা বিষয়ক উপ-পরিচালক নাসিমা খাতুন, শিক্ষা অফিসার মনিরুল ইসলাম, সমাজসেবা কর্মকর্তা আনিছুর রহমানসহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তারা। প্রশিক্ষণে অংশগ্রহণকারীরা বলেন, জনসমাগমস্থলে ধূমপান নিষিদ্ধ, তামাকপণ্যের বিজ্ঞাপন ও বিক্রয়ের বিধিনিষেধ বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। তারা আইন বাস্তবায়নে সংশ্লিষ্ট সংস্থাগুলোর মধ্যে আরও ঘনিষ্ঠ সমন্বয়ের আহ্বান জানান।

উপজেলা নির্বাহী কর্মকর্তা বলেন, তামাক নিয়ন্ত্রণ শুধু স্বাস্থ্যগত উদ্যোগ নয়, এটি একটি সামাজিক দায়িত্ব। প্রশাসন এ বিষয়ে জিরো টলারেন্স নীতি অনুসরণ করবে। আয়োজকরা জানান, এই প্রশিক্ষণ কর্মসূচি মাঠপর্যায়ে সচেতনতা ও কার্যকর পদক্ষেপ গ্রহণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

চুয়াডাঙ্গা : চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলায় তামাকজাত দ্রব্যের ব্যবহার নিয়ন্ত্রণে কার্যকর পদক্ষেপ গ্রহণের লক্ষ্যে তামাকবিরোধী এক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। রবিবার সকালে উপজেলা প্রশাসনের উদ্যোগে উপজেলা পরিষদ সভাকক্ষে আয়োজিত এ প্রশিক্ষণে সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) তিথি মিত্র। প্রশিক্ষণে ধূমপান ও তামাকজাত পণ্যের ক্ষতিকর প্রভাব এবং নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করা হয়। কর্মশালায় উপজেলা টাস্কফোর্স কমিটির সদস্য ও সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাদের তামাকবিরোধী প্রচারণা জোরদার করার আহ্বান জানানো হয়। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার ডা. ফাহমিদা

২-এর পৃষ্ঠা দেখুন

### অনুকাব্য

ভুয়া সনদে ১১ বছর ধরে গ্রাম পুলিশ চাকরিতে রিপন কুমার দাস।

মামুনুর রশিদ মামুন

জাল সনদে চাকরী করে
যুগ করলি পার
ক্ষমতার জোরে দেখালী তেজ
ধারলিনা করো ধার।
নেতার জোরে দাদাগীরি
করতে লাগে মজা
মাজা তোমার কুজো হবে
কাকুর বেটা ভজা

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

ঢাকা ॥ সোমবার ॥ ১৬ আষাঢ় ১৪৩২ বাংলা ॥ ৩০ জুন ২০২৫ইং

# জরাজীর্ণ ভবনেই ফিরছে প্রাণ, সচল হচ্ছে বামন্দী পশু হাসপাতাল




সূর্যোদয় প্রতিবেদক

মেহেরপুর জেলার গাংনী উপজেলার বামন্দীতে অবস্থিত একটি সরকারি পশু হাসপাতাল দীর্ঘ ৩১ বছর ধরে বন্ধ থাকার পর চালুর উদ্যোগ নেওয়া হয়েছে। জানালা-দরজা নেই, চিকিৎসা সরঞ্জাম শূন্য, জমি সংক্রান্ত আইনি জটিলতা এই সমস্যায় প্রায় ধ্বংসপ্রায় হয়ে পড়েছিল হাসপাতালটি। অথচ এক সময় এটিই ছিল চারটি ইউনিয়নের প্রাণিসম্পদ সেবার অন্যতম কেন্দ্র।

স্থানীয়দের দাবির প্রেক্ষিতে হাসপাতালটি সচল করার জন্য প্রাণিসম্পদ দপ্তর তৎপর হয়েছে।

স্থানীয়রা জানান, হাসপাতালটি ১৯৯০-৯১ সালের দিকে নির্মিত হলেও পরে বন্ধ হয়ে যায়। এ কারণে পশু অসুস্থ হলে ১০-১৫ কিলোমিটার দূরবর্তী গাংনী উপজেলা প্রাণিসম্পদ দপ্তরে যেতে হয়, যা সময়সাপেক্ষ এবং ব্যয়বহুল। সরেজমিনে দেখা গেছে, জানালা-দরজা ছিন্ন, ছাদের প্লাস্টার খসে পড়েছে, ভিতরে খড়ের স্তূপ রাখা হয়েছে, ভবনটি পরিত্যক্ত। নজরুল ইসলাম বলেন, “ঈদের আগে প্রাণিসম্পদ কর্মকর্তা এসেছিলেন। আমরা আশা করছি দ্রুত কিছু হবে। চার ইউনিয়নের লোকজন উপকৃত হবেন।” স্বপন আলী বলেন, “পশু অসুস্থ হলে স্থানীয় দোকানে গিয়ে চিকিৎসা করাতে হয়, এতে সময় ও খরচ বেশি লাগে।” এনামুল হক বলেন,

২-এর পৃষ্ঠা দেখুন



# রাতে ৫ উপসর্গ দেখা দিলেই সতর্ক হোন হতে পারে কিডনি রোগের ইঙ্গিত

আমাদের সূর্যোদয় ডেস্ক

আমাদের দেহের অত্যন্ত গুরুত্বপূর্ণ অঙ্গ হলো কিডনি। কিডনির রোগ হলে তা ধরা পড়ে অনেক দেরিতে। বেশিরভাগ সময়ই কিডনি সমস্যার উপসর্গগুলো এতটাই মৃদু হয় যে, অসুখ বাড়াবাড়ি না হলে বুঝে ওঠা যায় না। শুধু পাথর জমা নয়, কিডনিতে আরও নানা রকম সমস্যা দেখা দিতে পারে। কিডনি বিকল হলে তার কিছু ইঙ্গিত আগে থেকেই শরীরে ফুটে ওঠে, যা সাধারণত আমরা উপেক্ষা করে যাই। বিশেষ করে রাতের বেলা কিডনি রোগের উপসর্গ সবচেয়ে বেশি ধরা পড়ে। এ নিয়ে লাইফস্টাইল বিষয়ক এক ওয়েবসাইট জানিয়েছে, রাতের বেলা যে লক্ষণ দেখা দিলে কিডনি রোগ বিষয়ে সতর্ক হওয়া জরুরি।পা ফুলে যাওয়া : কিডনির সমস্যায় শরীরে সোডিয়ামের ভারসাম্য নষ্ট হয়। এর ফলে পা এবং গোড়ালি ফুলে যায়। বিশেষ করে সন্ধ্যায় অথবা রাতে পা ফুলতে শুরু করলে এবং সকালে কমে গেলে তা কিডনি রোগের লক্ষণ হতে পারে। এমন সমস্যা দেখা দিলে ফেলে রাখা ঠিক নয়। সঙ্গে সঙ্গে চিকিৎসকের পরামর্শ নেয়া উচিত। রাতে ৫ উপসর্গ দেখা দিলেই সতর্ক হোন, হতে পারে কিডনি রোগের ইঙ্গিত । ঘন ঘন প্রস্রাব

২-এর পৃষ্ঠা দেখুন

# রাইপুর ইউপি প্যানেল চেয়ারম্যানের বিরুদ্ধে অনিয়মের অভিযোগ

গাংনী প্রতিনিধি



মেহেরপুরের গাংনী উপজেলার রাইপুর ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান সারগিদুল ইসলামের বিরুদ্ধে ভিজিডি (দরিদ্র মহিলা সহায়তা কর্মসূচি) ও ভিজিএফ (বিশেষ তহবিলের চাল) চাল বিতরণে অনিয়ম, মৃত ব্যক্তির নামে চাল আত্মসাৎসহ নানা দুর্নীতির অভিযোগ উঠেছে। স্থানীয়দের দাবি, প্রকৃত সুবিধাভোগীদের বঞ্চিত করে সরকারি চাল আত্মসাৎ করেছেন তিনি।

জানা গেছে, ২০২৪ সালের ৫ আগস্ট ইউপি চেয়ারম্যান গোলাম সাকলায়েন সেপু একটি মামলার কারণে আত্মগোপনে চলে গেলে শালদহ গ্রামের ৯ নম্বর ওয়ার্ডের সদস্য সারগিদুল ইসলাম জোরপূর্বক প্যানেল চেয়ারম্যানের দায়িত্ব গ্রহণ করেন। এরপর থেকেই বিভিন্ন অনিয়মের অভিযোগ ওঠে তার বিরুদ্ধে। চলতি ঈদুল আজহায় রাইপুর ইউনিয়নে ৩ হাজার ২০০ দরিদ্রের জন্য বরাদ্দ দেওয়া ১০ কেজি করে চাল বিতরণের তালিকায় স্থান পায় মৃত মোফাজ্জেল হকের নাম। অথচ তিনি ২০২৩ সালের ৭ এপ্রিল মৃত্যুবরণ করেন। বিষয়টি নিশ্চিত করেছেন তাঁর ছেলে মিনারুল ইসলাম, যিনি বলেন, বাবা গত বছর মারা গেছেন। তবে আমার জাতীয় পরিচয়পত্র দিয়ে একজনের মাধ্যমে চাল নিয়েছি। কত কেজি দিয়েছে মেপে দেখিনি। এছাড়া ভিজিডি চাল নিয়েও রয়েছে

২-এর পৃষ্ঠা দেখুন



# মুজিবনগরে বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন

মুজিবনগর প্রতিনিধি

পরিবেশ রক্ষায় সবুজ অভিযানের অংশ হিসেবে মেহেরপুরের মুজিবনগর উপজেলায় বৃক্ষরোপণ কর্মসূচি ও গাছের চারা বিতরণ কার্যক্রমের উদ্বোধন করা হয়েছে।

রবিবার (২৯ জুন) সকালে উপজেলা কৃষি অফিসের উদ্যোগে ও উপজেলা কৃষি কর্মকর্তা আব্দুল মমিনের সভাপতিত্বে এ কর্মসূচির সূচনা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী

২-এর পৃষ্ঠা দেখুন

# ভারতে রথযাত্রায় পদদলিত হয়ে নারীসহ নিহত ৩

সূর্যোদয় ডেক্স

ভারতের ওড়িশা রাজ্যের পুরী শহরে ঐতিহ্যবাহী রথযাত্রা উৎসবে পদদলিত হয়ে নারীসহ তিনজন নিহত হয়েছেন। আহত হয়েছেন আরও অন্তত ১০ জন। রবিবার (২৯ জুন) ভোরে গুন্ডিচা মন্দিরের কাছে এই মর্মান্তিক দুর্ঘটনাটি ঘটে।

নিহতরা হলেনড়প্রভাতী দাস, বাসন্তী সাহু ও ৭০ বছর বয়সী প্রেমকান্ত মহান্তি। জানা গেছে, নিহত তিনজনই খুরদা জেলা থেকে রথযাত্রায় অংশ নিতে এসেছিলেন। ঘটনার দিন ভোরে গুন্ডিচা মন্দিরে ‘দর্শন’-এর উদ্দেশ্যে বিপুল সংখ্যক ভক্ত সমবেত হন। এসময় অতিরিক্ত ভিড়ের কারণে কিছু লোক হঠাৎ

২-এর পৃষ্ঠা দেখুন



# ঝিনাইদহে বাওড় নিয়ে উন্মুক্ত আলোচনা

ঝিনাইদহ প্রতিনিধি

ঝিনাইদহে প্রতিবেশগত সংকটাপন্ন এলাকা (ইসিএ) ব্যবস্থাপনা বিষয়ক এক পরামর্শ সভা অনুষ্ঠিত হয়েছে। জেলার কালীগঞ্জ উপজেলার ঐতিহ্যবাহী মরজাত বাওড়ের পরিবেশগত সংকট ও জীববৈচিত্র্য রক্ষায় করণীয় নিয়ে শনিবার (২৯ জুন) সকাল সাড়ে ৯টায় জেলা প্রশাসক কার্যালয়ের কনফারেন্স রুমে এই সভার আয়োজন করে পরিবেশ অধিদপ্তর, ঝিনাইদহ।

সভায় সভাপতিত্ব করেন পরিবেশ অধিদপ্তরের প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা বিভাগের পরিচালক একেএম রফিকুল ইসলাম। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহের জেলা প্রশাসক মোহাম্মদ আবদুল আওয়াল। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা কৃষি

২-এর পৃষ্ঠা দেখুন



# গাংনীতে বীজ-সার ও নারিকেল চারা বিতরণ

গাংনী প্রতিনিধি

মেহেরপুরের গাংনীতে খরিপ-২ মৌসুমে রোপা আমন ধানের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কৃষকদের মাঝে বীজ ও রাসায়নিক সার এবং বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীদের মাঝে নারিকেল চারা বিতরণ করা হয়েছে।

রবিবার (২৯ জুন) সকালে গাংনী উপজেলা পরিষদ চত্বরে এই কর্মসূচির উদ্বোধন করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা আনোয়ার হোসেন। কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের বাস্তবায়নে ও প্রণোদনা

২-এর পৃষ্ঠা দেখুন

# ৩ আগস্ট ‘জুলাই ঘোষণাপত্র’ ও ইশতেহার পাঠ করা হবে নাহিদ ইসলাম

নিজস্ব প্রতিবেদক

আগামী ৩ আগস্ট ছাত্র ও জনতাকে সঙ্গে নিয়ে ‘জুলাই ঘোষণাপত্র’ ও ইশতেহার পাঠ করবে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)। এমনটাই জানিয়েছেন দলটির আহ্বায়ক নাহিদ ইসলাম।

রোববার (২৯ জুন) সকালে রাজধানীর বাংলামোটরে এনসিপির অস্থায়ী কার্যালয়ে ‘জুলাই গণঅভ্যুত্থান’-এর বর্ষপূর্তি উপলক্ষ্যে আয়োজিত এক সংবাদ সম্মেলনে তিনি এ কথা জানান।

নাহিদ ইসলাম বলেন, ১ জুলাই থেকে ৩০ জুলাই পর্যন্ত সারা দেশব্যাপী (৬৪ জেলায়) ‘জুলাই পদযাত্রা’ অনুষ্ঠিত হবে। আমরা এই পদযাত্রার নাম দিয়েছি ‘দেশ গড়তে জুলাই পদযাত্রা’। শহীদ আবু সাঈদের কবর জিয়ারতের

২-এর পৃষ্ঠা দেখুন



# দামুড়হুদায় বসতবাড়ি থেকে ১২টি গোখরা সাপ উদ্ধার

চুয়াডাঙ্গা প্রতিনিধি

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার রঘুনাথপুর গ্রামে একটি পরিত্যক্ত বসতবাড়ি থেকে ১২টি জীবিত গোখরা সাপ ও ৪০টি সাপের ডিম উদ্ধার হয়েছে। শনিবার (২৮ জুন) বিকেল ৫টার দিকে এ ঘটনা ঘটলে পুরো এলাকায় চরম আতঙ্ক ছড়িয়ে পড়ে।

স্থানীয় সূত্রে জানা যায়, রঘুনাথপুর গ্রামের মৃত আনারুলের পরিত্যক্ত মাটির ঘরটি দীর্ঘদিন ধরে ফাঁকা পড়ে ছিল। ওই বাড়ির পাশে বসবাসকারী কুদ্দুস আলীর ছেলে মতিয়ার সন্দেহজনক কিছু দেখে মাটি খুঁড়তে শুরু করেন। তখন প্রথমে দুটি বড় গোখরা সাপ বের হয়ে

২-এর পৃষ্ঠা দেখুন

# আইইপি শান্তি সূচকে ৩৩ ধাপ পেছাল বাংলাদেশ

সূযোদয় ডেক্স




অস্ট্রেলিয়াভিত্তিক আন্তর্জাতিক গবেষণা সংস্থা ইনস্টিটিউট ফর ইকোনমিকস অ্যান্ড পিস (আইইপি) প্রকাশিত গ্লোবাল পিস ইনডেক্স ২০২৫-এ বড় ধরনের পতনের মুখে পড়েছে বাংলাদেশ। এক বছরের ব্যবধানে দেশের অবস্থান পিছিয়েছে ৩৩ ধাপ। ২০২৪ সালে যেখানে বাংলাদেশের অবস্থান ছিল ৯৩তম, সেখানে চলতি বছর (২০২৫) দেশটি রয়েছে ১২৩তম স্থানে। এ বছর বাংলাদেশের শান্তি সূচক স্কোর ২.৩১৮।


বিশ্বের ১৬৩টি দেশের শান্তিপূর্ণ অবস্থা বিশ্লেষণ করে প্রতিবছর এই সূচক প্রকাশ করে আইইপি। সূচকে আইসল্যান্ড টানা ১৭ বছর ধরে সবচেয়ে শান্তিপূর্ণ দেশ হিসেবে শীর্ষে রয়েছে (স্কোর ১.০৯৫)। অন্যদিকে, আফগানিস্তান, ইয়েমেন,

২-এর পৃষ্ঠা দেখুন

## প্রযুক্তি

# কম্পিউটার, ল্যাপটপ ও স্মার্টফোনের গতি বাড়াবেন যেভাবে

আমাদের সূর্যোদয় ডেক্স



দীর্ঘদিন ব্যবহারের কারণে কম্পিউটার, ল্যাপটপ ও স্মার্টফোনের গতি ধীরে ধীরে কমে যায়। ফলে দরকারের সময় ঠিকমতো কাজ না করলে বিরক্ত হন অনেকেই। সমস্যা সমাধানে কেউ কেউ নতুন কম্পিউটার, ল্যাপটপ ও স্মার্টফোন কেনেন, যা অনেকের পক্ষেই সম্ভব হয়ে ওঠে না। বেশ কিছু কৌশল অবলম্বন করে সহজেই কম্পিউটার, ল্যাপটপ ও স্মার্টফোনের গতি বাড়ানো যায়।

কম্পিউটার ও ল্যাপটপের গতি কমে গেলে প্রথমেই রিস্টার্ট করার পরামর্শ দিয়েছেন বিশেষজ্ঞরা। যদিও রিস্টার্ট করার এই কৌশল পুরোনো, তবু এখনো এটি কার্যকর। রিস্টার্ট করলে র?্যামের সিস্টেম ক্যাশ মুছে যায় এবং ব্যাকগ্রাউন্ডে চলা সব কার্যক্রম বন্ধ হয়ে যায়। এর ফলে কম্পিউটার ও ল্যাপটপ দ্রুত কাজ করে। তবে রিস্টার্টের জন্য অবশ্যই অপারেটিং সিস্টেমের ‘রিস্টার্ট’ অপশন ব্যবহার করতে হবে। সরাসরি পাওয়ার বাটন চেপে বা বৈদ্যুতিক সংযোগ বিচ্ছিন্ন করে কম্পিউটার ও ল্যাপটপ বন্ধ করা যাবে না।

রিস্টার্টের পরও যদি কম্পিউটার ও ল্যাপটপ ধীরগতির থাকে, তাহলে স্টার্টআপ অ্যাপগুলো খেয়াল করা জরুরি। অনেক অ্যাপ আছে, যেগুলো

২-এর পৃষ্ঠা দেখুন

# টেস্ট নেতৃত্ব ছাড়লেন শান্ত, বিসিবির ‘চমক’ বলছেন সভাপতি


সূযোদয় ডেক্স

শেষ পর্যন্ত সত্যি হলো গুঞ্জন। শ্রীলঙ্কার বিপক্ষে চলমান টেস্ট সিরিজ শেষ হতেই লাল বলের ক্রিকেটে অধিনায়কত্ব ছাড়ার ঘোষণা দিলেন নাজমুল হোসেন শান্ত। টি-টোয়েন্টি ও ওয়ানডে নেতৃত্ব হারানোর পর এবার নিজেই টেস্ট নেতৃত্ব থেকে সরে দাঁড়ালেন এই টপঅর্ডার ব্যাটার।

শান্তর এই হঠাৎ সিদ্ধান্তে বিস্মিত বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি)। বোর্ড সভাপতি আমিনুল ইসলাম একে ‘চমক’ হিসেবে বর্ণনা করেছেন। তিনি বলেন, সিরিজের মাঝপথে এমন সিদ্ধান্ত নেওয়ার আগে আরও একটু চিন্তা করা উচিত ছিল। দেশের বাইরে পুরো দল খেলছে, এ ধরনের ঘোষণা দলের ওপর প্রভাব ফেলে। তার মতে, একজন অধিনায়ক হিসেবে শান্তকে আগে দলকে প্রাধান্য দেওয়া উচিত।

বোর্ডের পক্ষ থেকে জানানো হয়েছে, কিছুদিন ধরেই শান্তর টেস্ট নেতৃত্ব ছাড়ার গুঞ্জন শোনা যাচ্ছিল। সেই কারণে ক্রিকেট পরিচালনা বিভাগের প্রধান নাজমূল আবেদীন ফাহিমকে কলম্বো পাঠানো হয়েছিল অধিনায়কদের সঙ্গে বিষয়টি স্পষ্ট করতে। তবে বিস্ময়করভাবে সেই বৈঠক আর হয়নি। এমনকি ফাহিম গণমাধ্যম থেকেই শান্তর পদত্যাগের খবর জানতে পারেন।

২-এর পৃষ্ঠা দেখুন




ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কতৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com



# আমি যে কতটা রোমান্টিক দর্শক এটা বুঝতে পারছেন না



কান চলচ্চিত্র উৎসবের অফিশিয়াল শাখায় মনোনয়ন পাওয়া বাংলাদেশের প্রথম সিনেমা রেহানা দিয়ে আলোচনায় আসেন বাঁধন। সিনেমাটি দিয়ে এশিয়া প্যাসিফিক স্ক্রিন অ্যাওয়ার্ডে সেরা অভিনেত্রীর পুরস্কার জেতেন। এরপর কোন সিনেমায় নাম লেখাবেন, সেটা নিয়ে দোটানায় পড়ে যান। একসময় মনে হয়, এই প্রাপ্তি বোঝা না হোক। সেটাকে কাঁধে নিয়েই নিজেকে নতুন করে আবিষ্কার করতে হবে। বাঁধনের মতে, 'আরেকটি অর্জনের জন্য কি আরও ৫০ বছর অপেক্ষা করব? প্রাপ্তির জায়গায় প্রাপ্তি রেখে আমি ক্যারিয়ার এগিয়ে নিতে চাই। আমাকে কাজ করে যেতে হবে।'

প্রথমবার পুলিশের গোয়েন্দা কর্মকর্তা হয়েছেন বাঁধন। চেয়েছিলেন এমন এক পুলিশ কর্মকর্তা হতে, যার মধ্যে নায়কোচিত কোনো কিছু থাকবে না। যে হবে রক্তেমাংসে সাধারণ মানুষের মতো। এ জন্য পরিচালক সানী সানোয়ারকে কৃতিত্ব দিলেন বাঁধন। লিনা চরিত্রের পেছনের কথা বলতে গিয়ে তিনি বলেন, 'অনেক দিন নারী পুলিশ কর্মকর্তাদের সঙ্গে থেকেছি। তাঁরা কীভাবে কথা বলেন, হাঁটাচলা করেন, কোন ঘটনার কী এক্সপ্রেশন দেন, কাছ থেকে দেখেছি। এগুলোই আমাকে শক্তি দিয়েছে। যে কারণে পুলিশ চরিত্রে রীনা দর্শকদের কাছ থেকে সহমর্মিতা পাচ্ছে।'

পেশাগত ও ব্যক্তিগত জীবনে নানা রকম ট্রমার কথা বিভিন্ন সময় বাঁধন প্রকাশ করেছেন। ক্যারিয়ার শুরু করার পর বারবার দ্বিধায় মধ্যে পড়েছেন। বিভিন্ন সময় অন্যদের খুশি করার চেষ্টায় সময় নষ্ট হয়েছে। তাঁর প্রতি অন্যায় হলেও চুপ থেকেছেন। বিচ্ছেদ ঘিরেও জটিলতার মুখোমুখি হয়েছেন। তবে এগুলো থেকেই একসময় ঘুরে দাঁড়ানোর পথ খুঁজেছেন। তিনি বলেন, 'ট্রমা ছাড়া সমাজে দুচারটা মেয়েও পাওয়া যাবে না। কোনো না কোনোভাবে আমাদের সমাজের প্রায় সব মেয়েই পরিবার, শিক্ষক, আত্মীয়স্বজন বা অন্যদের দ্বারা ট্রমায় পড়েছেন। আমিও তেমনই একজন, আমিও ট্রমায় ছিলাম। বাস্তব জীবনের ট্রমা এবার সিনেমার চরিত্র গঠনে কাজে লাগিয়েছি। শিল্পীজীবনের ক্রাইসিস আমাকে সমৃদ্ধ করেছে। সেগুলো দিয়ে রীনা চরিত্রটি অনুভব করতে সুবিধা হয়েছে।'

রেহানা থেকে লিনা

দর্শনগত জায়গায় রেহানা মরিয়ম নূর সিনেমার রেহানা আর এশা মার্ডার সিনেমার লিনার অনেক মিল। বাঁধন বললেন, এটা ইচ্ছাকৃত নয়। তিনি জানান, নৈতিক জায়গা থেকে অনেকটা মিল হলেও লিনা চরিত্রের বৈচিত্র্য তাঁকে মুগ্ধ করেছে। দুটি চরিত্রই নারী দর্শকেরা পছন্দ করেছেন। এমনকি নিজের সঙ্গে যোগসূত্র খুঁজে পেয়েছেন। '২২ দিন ধরে টানা হলে যাচ্ছি। যাঁরাই সিনেমা দেখে বের হচ্ছেন, তাঁরাই বলছেন, চরিত্রটি অনেক সাহসী। বুঝতে পারি এটা নারীদের হয়ে কথা বলে। আবার পুরুষ দর্শকেরা বলছেন, আমার বাস্তব জীবনের মতোই চরিত্রটি। জুলাই গণ-অভ্যুত্থানে আমার অংশগ্রহণ, ভূমিকা যা দেখেছেন, সেগুলোর সঙ্গে মিলিয়ে প্রশংসা করেন। এটা অদ্ভুত অভিজ্ঞতা,' বলেন বাঁধন।

কখনো শিক্ষক, কখনো পুলিশের প্রতিবাদী নারী চরিত্রে দেখা গেলেও নিজেকে ভিন্নভাবে পর্দায় দেখতে চান এই অভিনেত্রী। কারণ হিসেবে জানালেন, বেশির ভাগ দর্শকই নাকি মনে করেন বাঁধন প্রতিবাদী ও ভিন্ন ধরনের গল্পে অভিনয় করেন। এই ট্যাগ তিনি ভাঙতে চান। 'নেগেটিভ চরিত্রে অভিনয় করার আমার খুব ইচ্ছা। আবার রোমান্টিক, হরর, অ্যাকশনড়এসব গল্পও করতে চাই। আমি কতটা রোমান্টিক, এটা দর্শক বুঝতে পারছেন না। আমি কিন্তু অনেক রোমান্টিক। সেই গল্পও করব,' বলেন বাঁধন। রোমান্টিক ও অ্যাকশন সিনেমার জন্য রায়হান রাফীর সঙ্গে কাজ করতে চান।

বাঁধনের কমেডি গল্পে অভিনয় করার ইচ্ছা দীর্ঘদিনের। এই কমেডি স্যাটায়ার সিনেমার জন্য তাঁর ইচ্ছা ছিল হুমায়ূন আহমেদের নির্মাণে কাজ করা। কারণ, তিনি কখনোই জোর করে হাসানোর চেষ্টা করেননি। জনপ্রিয় এই নির্মাতার প্রয়াণের পরে নুহাশ হুমায়ূনের কমেডি, হরর ও স্যাটায়ার কাজগুলো দেখে অবাক হয়েছেন বাঁধন। 'আমি নুহাশের কাজের ভক্ত। এত সুন্দর করে সে গল্প বলে, সেখানে জোর করে হাসানো নাই, ভয় দেখানো নাই। আমি অবশ্যই বলব, নুহাশের কাজে অভিনয় করতে চাই।'

বাঁধনকে এবার উপজেলা নির্বাহী কর্মকর্তার চরিত্রে দেখা যাবে। মাস্টার নামের এই সিনেমাটি পরিচালনা করেছেন রেজওয়ান শাহরিয়ার। এ বছরই সিনেমাটি মুক্তি পাবে। ব্যস্ততা নিয়ে তিনি বলেন, 'এখনো ঈদের সিনেমার প্রচারণায় আছি। দর্শক নারী-প্রধান একটি চরিত্রকে এতটা আগ্রহের সঙ্গে নেবেন, সেটা অপ্রত্যাশিত ছিল। সিনেমাটি নিয়ে আরও সময় দিতে চাই। এ ছাড়া নিজ উদ্যোগেই ফাইটিং শিখছি। প্রস্তুতিটা নিয়ে রাখছি। সময় হলে কাজে লাগাব। আর আমার কাজ নিয়ে তাড়াহুড়া নেই। আফসোস নেই। রেহানা করেছি, বিশাল ভরদ্বাজের খুফিয়া করেছি, এশা মার্ডার করলাম। ভালো চরিত্রের প্রস্তাব পাচ্ছি, দর্শকদের ভালোবাসা পাচ্ছি। একজীবনে এর বেশি আর কি লাগে।

আজমেরী হক বাঁধন। ছবি: ফেসবুক থেকে

## মাত্র এক চামচ ভাত খান সালমান

বিনোদন ডেস্ক

'দ্য গ্রেট ইন্ডিয়ান কপিল শো'-র নতুন সিজিনের প্রথম পর্বেই উপস্থিত ছিলেন বলিউড ভাইজান সালমান খান। নেটফ্লিক্সে সম্প্রচারিত সেই পর্ব ইতোমধ্যেই দর্শকমহলে সাড়া ফেলেছে।

এবার কপিল শর্মা, অর্চনা পুরণ সিং, নবজোৎ সিং সিধু, সুনীল গ্রোভার, কৃষ্ণা অভিষেক ও কিকু শারদার সঙ্গে মজার আড্ডায় নিজের জীবনযাপন ও পারিবারিক গল্প শোনালেন সালমান খান। সম্প্রতি সিধুর ইউটিউব চ্যানেলে প্রকাশিত একটি অংশে সালমান জানান, তার বাবা সেলিম খান এখনও প্রত্যেকদিন হাঁটেন বান্দ্রার ব্যান্ডস্ট্যান্ড পর্যন্ত। সালমান বলেন, বাবা মনে করেন আমার খাওয়া কমে গেছে, কিন্তু বাবা তিনটে পরোটা, ভাত, মাংস আর মিষ্টিড়ু'বেলাই খেয়ে ফেলেন। তার মেটাবলিজম, ডিসিপ্লিনটাই আলাদা।

হারিয়েছে

আমার এসএসসি বাউবি'র শিক্ষার্থী আইডি কার্ড। যার রোল নং ৯৮০১০৩৯১০১৭,শিক্ষাবর্ষ ১৯৯৮-১৯৯৯,পাশের বর্ষ ২০০০,কেন্দ্র মেহেরপুর, ইস্যুর তারিখ-১ জানুয়ারি। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়,হারিয়েছে। মেহেরপুর সদর থানায় জিডি করা হয়েছে। যার জিডি নং ১৪০৬। মেহেরপুর সদর থানা। তারিখ ২৮/৬/২০২৫। বিউটি খাতুন।

পিতাঃ মোঃ চাঁদ আলী শেখ
মাতাঃ আনোয়ার বেগম

হারিয়েছে

আমার এসএসসি বাউবি'র নম্বর পত্র (মার্কশিট) । যার রোল নং ৯৮০১০৩৯১০১৭,শিক্ষাবর্ষ ১৯৯৮-১৯৯৯,পাশের বর্ষ ২০০০,শাখা মানবিক,কেন্দ্র মেহেরপুর, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়,হারিয়েছে। মেহেরপুর সদর থানায় জিডি করা হয়েছে। যার জিডি নং ১৪০৫। মেহেরপুর সদর থানা। তারিখ ২৮/৬/২০২৫। বিউটি খাতুন।

পিতাঃ মোঃ চাঁদ আলী শেখ
মাতাঃ আনোয়ার বেগম

রবিউল ইসলাম মেমোরিয়াল হাসপাতাল
গাংনী হাসপাতাল বাজার, গাংনী, মেহেরপুর।
মোবাইল ০১৭৬৬-৪৮৭৪০৯, ০১৭৬৮-৩৭৭১৯১, ০১৭৪০-৩৮৮৭৮৯
যে সকল ডাক্তারগণ নিয়মিত সেবা প্রদান করছেন
ডাঃ বি ডি দাস (পিকলু)
এম. বি. বি. এ. বি. সি. এস (স্বাস্থ্য), সি. এস. ইউ (আল্ট্রাসনো)
বাত ব্যাথ্যা, শিরা ও সার্জারী রোগের চিকিৎসক।
রোগী দেখার সময় : প্রতিদিন বেলা ২ টা হতে সন্ধ্যা ৭ টা।
ডা. মো: আব্দুল আল মারুফ
এমবিবিএস (রাজ) বিসি্সে স্বাস্থ্য,এফসিপিএস(শিশু) শেষ পর্ব, এমএস শিশু. সার্জরী কোর্স বিএসএমএম ইউ, সিসিডি বার্ডেম, পিজিপিএন, শিশু পুস্টি ( বোস্টান ইউনিভৃরসিটি আমেরিকা)
রোগী দেখার সময় : প্রতি বৃহস্পতিবার দুপুর ৩টা থেকে সন্ধ্যা ৬ টা
ডাঃ ইসরাত জেরিন ইভা
এম. বি. বি. এস. পি. জি. টি (গাইনী অ্যান্ড অবস্) , সি. এম. ইউ (আল্ট্রা)
গাইনী প্রসুতি মেডিসিন রোগের চিকিৎস, ( আবাসিক মেডিকেল অফিসার)
রোগী দেখার সময় : প্রতিদিন সকাল ১০ টা হতে বিকাল ৫ টা।
পুস্টিবিদ: তরিকুল ইসলাম
বিপিএচি(নিউট্রিশন).এমপি এইচ(নিউট্রিশন), সিএমইউ এন্ড ডিএমইউ (আল্ট্রা), ডিপ্লমা ইন মেডিকেল ফ্যাকালটি, পুষ্টি বিশেষজ্ঞ
আমাদের সেবাসুমহ : বিষেষজ্ঞ চিকিৎসকের পরামর্শ, কম্পিউটারাইজড প্যাথলজী, ডিজিটাল আলট্রাসনোগ্রাফী,হরমোন পরীক্ষা, ইসিজি এক্স-রে ও স্বল্প খরছে অপারেশন করা হয়

# আকাশ ও পৃথিবীর সৃষ্টি নিয়ে হাদিসে যা বলা হয়েছে

ধর্ম ডেস্ক

পবিত্র কোরআনে আল্লাহ তায়ালা বলেন, আমি আকাশ পৃথিবী ও এতদুভয়ের মধ্যবর্তী সবকিছু ছয় দিনে সৃষ্টি করেছি এবং আমাকে কোন ক্লান্তি স্পর্শ করেনি। (সূরা কাফ, আয়াত : ৩৮)

আবু হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে এক বর্ণনায় এসেছে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমার হাত ধরে বললেন আল্লাহ মাটি সৃষ্টি করেছেন শনিবার, আর তাতে পাহাড় সৃষ্টি করেছেন রবিবার, গাছ-গাছালি সোমবার, অপছন্দনীয় সবকিছু মঙ্গলবার, আলো সৃষ্টি করেছেন বুধবার, আর যমীনে জীবজন্তু ছড়িয়ে দিয়েছেন বৃহস্পতিবার।

# লন্ডনের দৃষ্টিনন্দন ৭ মসজিদ ও ইসলামিক সেন্টার

ধর্ম ডেস্ক

লন্ডনে অনেক মসজিদ ও ইসলামিক সেন্টার আছে। মসজিদগুলো মুসল্লিদের উষ্ণ অভ্যর্থনার স্থান হয়ে উঠেছে এবং স্থানীয় সমাজে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে চলেছে।

প্রতিটি মসজিদের রয়েছে নিজস্ব বৈশিষ্ট্য ও বিশেষ তাৎপর্য। মসজিদগুলো এমন জায়গায় অবস্থিত, যেখানে আশেপাশেই রয়েছে দারুণ সব পর্যটনকেন্দ্র।

লন্ডন ভ্রমণের সময় আপনি অবশ্যই ঘুরে আসতে পারেন এমন ৭টি মসজিদ ও ইসলামিক সেন্টার সম্পর্কে জেনে নেইড়

১. লন্ডন সেন্ট্রাল মসজিদ

লন্ডন সেন্ট্রাল মসজিদ লন্ডনের অন্যতম ঐতিহাসিক ও জনপ্রিয় মসজিদ । এর সোনালি গম্বুজ ও স্থাপত্যশৈলী একে সহজেই আলাদা করে তোলে। ১৯৭৭ সালে মসজিদটি উদ্বোধন করা হয় এবং এতে একসঙ্গে ৫ হাজারেরও বেশি মুসল্লি নামাজ আদায় করতে পারেন।

মসজিদটি 'রিজেন্টস পার্ক মসজিদ' নামেও পরিচিত। কারণ এটি রিজেন্টস পার্কের কাছাকাছি অবস্থিতড়যেখানে রয়েছে বিশ্বের প্রাচীনতম আউটডোর থিয়েটার, লন্ডন চিড়িয়াখানা ইত্যাদি।

২. ইস্ট লন্ডন মসজিদ

ইস্ট লন্ডন মসজিদ লন্ডনের অন্যতম বৃহৎ ও সুপ্রতিষ্ঠিত ইসলামিক সেন্টার। এর বিশাল নামাজঘরে প্রায় ৭ হাজার মুসল্লি একসাথে নামাজ পড়তে পারেন।

এখানে ফুল-টাইম প্রাইমারি ও সেকেন্ডারি স্কুল রয়েছে মুসলিম শিক্ষার্থীদের জন্য। নারীদের জন্য রয়েছে বিনামূল্যে পেশাদার কাউন্সেলিং। এ ছাড়া, ইসলামিক জ্ঞান ও নব মুসলিমদের সহায়তায় নিয়মিত আয়োজন করা হয় বিভিন্ন কর্মসূচি।

এখানে আপনি এক ভিন্নধর্মী শিল্প অভিজ্ঞতা উপভোগ করতে পারেন। কাছেই রয়েছে টাওয়ার অব লন্ডন ও টাওয়ার ব্রিজ।

৩. সুলায়মানিয়ে মসজিদ

যদি আপনি লন্ডনের লোকাল মার্কেট ভ্রমণ করেন, তাহলে সুলায়মানিয়ে মসজিদ ঘুরে দেখতে পারেন। এটি ব্রডওয়ে মার্কেট ও কলম্বিয়া রোড ফ্লাওয়ার মার্কেটের কাছে অবস্থিত।

তুর্কি কমিউনিটির নির্মিত এই মসজিদটিতে উসমানীয় স্থাপত্যশৈলী ও আধুনিক নকশার অপূর্ব মিশ্রণ ঘটেছে। ভেতরের মার্বেল দেয়াল ও বিশাল ঝাড়বাতি দর্শকদের মুগ্ধ করবে। এই মসজিদ শুধু নামাজের জায়গা নয়, বরং ইসলামী শিক্ষা ও বিভিন্ন সেবার কেন্দ্র হিসেবেও পরিচিত।

৪. ব্রিক্সটন মসজিদ

ব্রিক্সটন মসজিদ বাইরে থেকে তেমন আকর্ষণীয় নাও মনে হতে পারে, তবে ভেতরের পরিবেশ মুগ্ধতা তৈরি করে। নামাজের পাশাপাশি মসজিদটিতে আছে শিশু-কিশোরদের ইসলামি শিক্ষার ব্যবস্থা এবং এখানে প্রাপ্তবয়স্কদের জন্য নিয়মিত দ্বীন শিক্ষা সেশন আয়োজন করা হয়। ব্রিক্সটন সাংস্কৃতিকভাবে লন্ডনের সমৃদ্ধ একটি এলাকা।

৫. ওয়েস্ট লন্ডন ইসলামিক সেন্টার

ওয়েস্ট লন্ডন ইসলামিক সেন্টার একটি বড় ও প্রাণবন্ত মসজিদ এবং কমিউনিটি সেন্টার। এর পরিবেশ, সুযোগ-সুবিধা, পারিবারিক পরামর্শ সেবা, তরুণদের কার্যক্রম সবই খুব চমৎকার।

এর কাছাকাছি দর্শনীয় স্থানগুলোর মধ্যে আছে, রয়েল বোটানিক গার্ডেনস, ওয়েম্বলি স্টেডিয়াম, নটিং হিল, ন্যাচারাল হিস্ট্রি মিউজিয়াম ইত্যাদি।

৬. ফিন্সবুরি পার্ক মসজিদ

ফিন্সবুরি পার্ক মসজিদ (নর্থ লন্ডন সেন্ট্রাল মসজিদ নামেও পরিচিত) ১৯৬০-এর দশকে এটি একটি ছোট নামাজঘর ছিল। পরে ১৯৯৪ সালে এটি পাঁচতলা বিশিষ্ট একটি বিশাল মসজিদে রূপ নেয়।

এখানে মুসলমানদের জন্য বিভিন্ন রকম সেবা, কার্যক্রম ও কমিউনিটি ইভেন্ট আয়োজিত হয়।

এটি ফিন্সবুরি পার্কের কাছে অবস্থিতড়যেখানে আছেছে হ্রদ, মিউজিক ফেস্টিভাল, বহুজাতিক খাবারের দোকান, আউটডোর জিম এবং হাঁটার পথ। কাছেই আছে আর্সেনাল ফুটবল ক্লাবের ঘরড়এমিরেটস স্টেডিয়াম।

৭. আজিজিয়ে মসজিদ

ইউকে তুর্কিশ ইসলামিক অ্যাসোসিয়েশনের তত্ত্বাবধানে নির্মিত হয়েছে স্টোক নিউইংটনে অবস্থিত আজিজিয়ে মসজিদ। মসজিদটি তুর্কি স্থাপত্যের নিদর্শন বহন করছে। ১৯১৪ সালে প্রথমে প্রথমে এখানে একটি থিয়েটার নির্মিত হয়। পরবর্তীতে ১৯৮০ সালে এটি মসজিদে রূপান্তর করা হয়।

এর নীল রঙের ছোঁয়া, নকশা করা টাইলস এবং অটোমান প্রভাব বিশেষভাবে চোখে পড়ে।

এর কাছাকাছি দর্শনীয় স্থানগুলোর মধ্যে আছে ক্লিসল্ড পার্ক, ওয়েস্ট রিজার্ভ ওয়াটার স্পোর্টস সেন্টার।

সূত্র : হালাল ট্রিপ

মোল্লা ডায়াগনষ্টিক এন্ড কনসালটেশন সেন্টার
হাসপাতাল বাজার (পোস্ট অফিসের পশ্চিমে) গাংনী, মেহেরপুর।
সিরিয়ালের জন্য: ০১৭৯৮-০১০৭০৭

ডাঃ মোঃ মশিউর রহমান মোল্লা
স্পেশালিষ্ট পেইন এন্ড ক্রিটিক্যাল মেডিসিন
এম.বি.বি.এস, সি,সি, ডি-ডায়াবেটলজি (বারডেম) ডিএ-ডিপ্লোমা ইন এনেসথেশিয়া, পেইন এন্ড ক্রিটিক্যাল কেয়ার মেডিসিন (বিএসএমএমই এফ.আই.পি.এম- ফেলোশিপ ইন ইন্টারভেনশনাল পেইন ম্যানেজমেন্ট (ইন্ডিয়া) কনসালটেন্ট (এনেসথেশিয়া)-রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল।
রোগী দেখার সময় : শুক্র থেকে মঙ্গলবার সকাল ১০টা হতে বিকাল ৫টা পর্যন্ত

মেডিসিন, গাইনী ও প্রসূতী
ডাঃ তাসনিম সুলতানা
এমবিবিএস (আর ইউ ) ডি এম ইউ (ডিপ্লোমা ইন মেডিকেল আল্ট্রাসাউন্ড) স্পেশাল ট্রেইন্ডইন টিভিএস ও কালার ডপলার মেডিকেল অফিসার মোল্লা ডায়াগনস্টিক এন্ড কনসালটেশন সেন্টার
প্রতি শনি-বৃহস্পতিবার সকাল ৯টা-বিকাল ৩টা পর্যন্ত

মেডিসিন, চর্ম ও শিশু রোগে অভিজ্ঞ
ডাঃ মোঃ ফারুক হোসেন
এমবিবিএস (সিএমসি), বিসিএস (স্বাস্থ) পিজিটি (মেডিসিন) মেডিকেল অফিসার
গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স গাংনী, মেহেরপুর

ডাঃ মোঃ আলী হায়দার
এম.বি.বি.এস, বি.সি.এস (স্বাস্থ্য) এমএস (অর্থোপেডিক-সার্জারী) জুনিয়র কনসালটেন্ট দৌলতপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কুষ্টিয়া।
প্রতি শুক্রবার সকাল ০৯টা হতে বিকাল ৫টা পর্যন্ত

ডাঃ মোঃ আফজালুর রহমান সিদ্দিকী (মুকুল)
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) মাস্টার্স ইন লেপ্রোলজী (জাপান) ভারপ্রাপ্ত কনসালটেন্ট (সাবেক) চর্ম, যৌন ও সেক্স রোগ বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল। সাবেক কনসালটেন্ট, ইসলামী ব্যাংক মেডিকেল কলেজ হাসপাতাল, রাজশাহী।
প্রতি শনিবার সকাল ৯টা হতে বিকেল ৪টা পর্যন্ত

ডাঃ মোঃ সেলিম উদ্দীন
এম.বি.বি.এস, বি.সি.এস (স্বাস্থ্য) এফ.সি.পি.এস (মেডিসিন) এম.ডি: রেসিডেন্ট গ্যাস্ট্রোএন্টেরোলজি কনসালটেন্ট (মেডিসিন) ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল।
প্রতি শুক্রবার দুপুর ৩টা হতে রাত ৮টা পর্যন্ত

মাইক্রোপ্যাথ ল্যাব
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল রোড, মেহেরপুর।
মোবাইল ঃ ০১৭২৬-৪০৫৩৩৪, সিরিয়াল ঃ ০১৭৮৮-২২১৩৩৫

গাইনী ও প্রসূতি বিশেষজ্ঞ ও সার্জন
ডাঃ সোনিয়া আহমেদ
এম.বি.বি.এটা (রাজ), বি.সি.এস (স্বাস্থ্য), ডিজিও (বাংলাদেশ মেডিকেল বিশ্ববিদ্যালয়), কনসালটেন্ট গাইনী এন্ড অবস রোগী দেখার সময় : প্রতি রবি ও বুধবার দুপর ২টা থেকে বিকেল ৫টা পর্যন্ত
মেডিসিন, হৃদরোগ (হার্ট), বাতজ্বর ও ডায়াবেটিস বিশেষজ্ঞ

(প্রসূতি ও স্ত্রী রোগ) অভিজ্ঞ
ডাঃ মেশকাতুন নেছা রিমা
এম.বি.বি.এস, পিজিটি (গাইনী এন্ড অবস), এফসিপিএস পার্ট-১ (গাইনী এন্ড অবস), সি এম ইউ (আল্ট্রা), (প্রসূতি ও স্ত্রী রোগ) অভিজ্ঞ
রোগী দেখার সময় ঃ প্রতিদিন সকাল ৯টা থেকে দুপুর ২টা ও বিকাল ৪টা থেকে সন্ধ্যা ৭টা পর্যন্ত। শুক্রবার ব্যতিত
বিঃদ্রঃ এখানে নিয়মিত কালার ডপলার ইকো করা হয়।

ডাঃ মোঃ শাহিদুল ইসলাম (শাহিদ)
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য), এমডি (কার্ডিওলজি) এফসিপিএস, মেডিসিন (শেষ পর্ব), জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট, ঢাকা।
রোগী দেখার সময় : বৃহস্পবিার বিকাল ৪টা থেকে রাত্রি ৮টা এবং শুক্রবার সকাল ৯টা থেকে

মেডিসিন ও ক্রিটিক্যাল কেয়ার বিশেষজ্ঞ
ডাঃ মোঃ মাহবুবুর রহমান
এম.বি.বি.এস, বি,সি,এস (স্বাস্থ্য) , এম.ডি (ক্রিটিক্যাল কেয়ার মেডিসিন-থিসিস), ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর ।
রোগী দেখার সময়: প্রতি শনি থেকে বৃহস্পতিবার দুপুর ২:৩০ হতে বিকাল ৫:৩০ পর্যন্ত।

গাইনী, প্রসূতি, স্ত্রীরোগ বিশেষজ্ঞ ও সার্জন
ডাঃ শাহারিয়া শায়লা
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য), এফসিপিএস (গাইনী এন্ড অবস্) এফপি এমসিপিএস (গাইনী এন্ড অবস্), ডিজিও-ফাইনাল, সিএমইউ (আল্ট্রাসনোগ্রাফী), কনসালটেন্ট (প্রসূতি ও স্ত্রী রোগ), তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর। রোগী দেখার সময় ঃ প্রতি সোম ও মঙ্গলবার দুপুর ৩ টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত। যোগাযোগ সাপেক্ষে

রাজশাহী ডায়াগনস্ট্রিক সেন্টার
জেনারেল হাসপাতাল রোড, মেহেরপুর
সিরিয়াল : ০১৭৯২-১০৭৯৫০, ০১৭১৪-৮৩৮৬১১

ডাঃ ফাতেমা জান্নাত
এমবিবিএস (ঢাকা) সিএমমইউ আল্ট্রা, পিজিটি (শিশু), মেডিশিন ও গাইনী মেডিকেল অফিসার, রাজশাহী ডায়াগনস্ট্রিক সেন্টার, মেহেরপুর।
রোগী দেখার সময় : প্রতিদিন সকাল ৯ টা থেকে দুপুর ২টা ও বিকাল ৪ টা থেকে রাত ৮ টা।

ডা রবিউল ইসলাম আবির
এমবিবিএস (ঢাকা) সিএমমইউ আল্ট্রা
রোগী দেখার সময় : প্রতিদিন সকাল ১০ টা থেকে রাত ৮ টা।

ডাঃ ফরহাদ পারভেজ
এমবিবিএস, বিসিএস( স্বাস্থ্য)
মেডিকেল অফিসার মেহেরপুর জেনারেল হাসপাতাল
রোগী দেখার সময় : প্রতিদিন দুপুর ২ টা থেকে রাত ৮ টা।

ডাঃ আকতার উজ্জামান
এমবিবিএস, ডিএমসি, ডিএমইউ( আল্টা)
রোগী দেখার সময় : প্রতিদিন সকাল ১০ টা থেকে দুপুর ১ টা ও বিকাল ৪টা থেকে সন্ধ্যা ৭ টা

রবিউল ইসলাম মেমোরিয়াল হাসপাতাল
গাংনী হাসপাতাল বাজার, গাংনী, মেহেরপুর।
মোবাইল : ০১৭৬৬-৪৮৭৪০৯, ০১৭৬৮-৩৭৭১৯১, ০১৭৪০-৩৮৮৭৮৯
ডাঃ বি ডি দাস (পিকলু)
এম. বি. বি. এস, বি. সি. এস (স্বাস্থ্য), সি. এম. ইউ (আল্ট্রাসনো) ব্যাত ব্যথা, শিরা ও সার্জারী রোগের চিকিৎসক রোগী দেখার সময় : প্রতিদিন বেলা ২ টা হতে সন্ধ্যা ৭ টা পর্যন্ত




করবি ক্লিনিক এন্ড ডায়াগনষ্টিক সেন্টার
সততা সুপার মার্কেট বা ( হাজি ইছার উদ্দিনের মার্কেট)
বামুন্দি বাজার, গাংনী, মেহেরপুর।
অগ্রীম সিরিয়ালের জন্য যোগাযোগ : ০১৭৩৮-১৩১৮১৩

নিউরো মেডিসিন ও উচ্চ রক্ত চাপ ডায়াবেটিস,স্ট্রোক প্যারালাইসিস রোগের চিকৎসা ও পরামর্শ দিচ্ছেন
ডাঃ মোঃ মোস্তাফিজুর রহমান
এমবিবি এস ( ঢাকা মেডিকেল কলেজ), বিসিএিস (স্বাস্থ্য), ইসিআরডি ( সুইজারল্যান্ড), এমএসিপি (আমেরিকা), (এমডি ফিজিক্যাল মেডিসিন), কনসালটেন্ট। কুস্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল রুগী দেখার সময় প্রতি বুধবার দুপুর ২ টা থেকে রাত ৮ পা পর্যন্ত

মহিলাদের সকল প্রকার বন্ধ্যাত্ব, ঋতু স্রাব, অনিয়মিত মাসিক, গর্ভবতি মা ও শিশু, স্ত্রী ও প্রসূতি রোগে অভিজ্ঞ
ডাঃ ইশরাত জেরিন (ইভা)
এমবিবিএস, পিজিটি (গাইনী এন্ড অবস) , সিএমইউ (আল্ট্রা), স্ত্রী ও প্রসুতী রোগের বিশেষ অভিজ্ঞ রুগী দেখার সময় প্রতি সোমবার দুপুর ২:৩০ টা থেকে রাত ৮ পা পর্যন্ত

বিসমিল্লাহ্ ফামেসী
প্রোঃ মোঃ আমিনুল ইসলাম সেন্টু



সকল প্রকার দেশ-বিদেশী ঔষধ সুলভ মূল্যে খুচরা ও পাইকারী বিক্রেতা
ট্রাফিক মোড় হোটেলবাজার,মেহেরপুর
মোবাইল : ০১৭১৮-৪৩৩৩৮৬

ত্রয়ী স্টোর এন্ড বুটিকস
স্টাইলে থাকুন, ট্রাডিশনে ফিরুন!
শাড়ি হোক বা সালোয়ার কামিজ, ওয়েস্টার্ন টপ হোক কিংবা হ্যান্ডলুম কুর্তি–
ত্রয়ী তে পাওয়া যায় ট্রাডিশন আর ট্রেন্ডের এক অনন্য মিশেল!
✓ এক্সক্লুসিভ বুটিক পোশাক
✓ হাতে তৈরি দেশি জামাকাপড়
✓ দেশি-বিদেশী কসমেটিকস
✓ কুকারিজ আইটেম
✓ ইউনিক গিফট আইটেম
✓ কাস্টম ডিজাইন ও অর্ডার সুবিধা



ফ্যাশনের সাথে আপনিও বদলান, নিজের মতন স্টাইলে
কেএন সুপার মার্কেট, প্রধান সড়ক, বড়বাজার, মেহেরপুর
মোবাইল: ০১৭১৪-৫২০০৬৭ / ০১৯১৯৬০৩৭৯৫

নিউ স্কয়ার ল্যাব
ওয়াবদা মোড়, হাসপাতাল রোড,মেহেরপুর।
সিরিয়ালের জন্য মোবাইল নম্বর ঃ ০১৮৫৮-৯৫৬৯৩৩
মেডিসিন, নিউরো, বক্ষব্যাধি, ডায়াবেটিস, গ্যাস্টলিভার, ব্যাতব্যাথা ও মনোরোগ চিকিৎসক
ডাঃ মোঃ মাহাফুজুল হক সরকার
এমবিবিএস (আরইউ), ডিএফএম (বিসিএমইউ), এফসিপিএস পার্ট-১, পিজিটি (মেডিসিন), সিসিডি (বারডেম),
প্রতি শুক্রবার সকাল ৯ টা হইতে সন্ধ্যা ৬ টা পর্যন্ত রুগী দেখেন।
মেডিসিন, হৃদরোগ, উচ্চ রক্ত চাপ, বাত ব্যাথা, ডায়াবেটিস, লিভার ও জন্ডিস রোগ চিকিৎসক
ডাঃ মোঃ রবিউল ইসলাম আবির
এমবিবিএস (ঢাকা) সিসিড বারডেম, সিএমইউ (আল্ট্রা)
প্রতিদিন সকাল ১০ টা হইতে দুপুর ২টা, বিকাল ৩ ট হতে রাত্রী ৮ টা পর্যন্ত রুগী দেখে।
স্ত্রী, প্রসুতি ও গাইনী রোগ চিকিৎসক
ডাঃ তাসমেরী নাহার
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা পর্যন্ত রুগী দেখেন।
নিঃসন্তান, বন্ধ্যাত্ব, গর্ভকালীন বিভিন্ন সমস্যা, শিশু ও গাইনী রোগের সকল চিকিৎসা প্রদান করেন
ডাঃ সেজুঁতি মেহেতাজ
এমবিবিএস (রাজশাহী), বিসিএস (স্বাস্থ্য)
প্রতিদিন বিকাল ৩টা হইতে রাত্রী ৮টা পর্যন্ত রুগী দেখেন।
মেডিসিন, বাতজ্বর, উচ্চ রক্তচাপ, ব্যাত ব্যথা রোগের চিকিৎসক
ডাঃ ফরহাদ পারভেজ
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা পর্যন্ত রুগী দেখেন।

জনতা ক্লিনিক এন্ড ডায়াগনষ্টিক সেন্টার
জেনারেল হাসপাতাল রোড, বিএডিসি'র সামনে, মেহেরপুর
যোগাযোগঃ সিরিয়াল : ০১৩২৮-৯৮৬১১১,
পরিচালক ঃ ০১৭৯৫-৯০৯৫৮৫, ০১৭১১-০৫১১১৪

নবজাতক, শিশু, কিশোর ও কিশোরী রোগ বিশেষজ্ঞ
ডাঃ ফারহানা ফেরদৌসী
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য) এমডি (নিওনেটোলজি) বিএসএমএমইউ সিসিডি (বারডেম), সিএমইউ (আল্ট্রাসনোগ্রাফি) কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল।
রোগী দেখার সময় : প্রতিদিন সকাল ১০ টা থেকে দুপুর ২ টা পর্যন্ত।

রক্তনালী (শিরা), হৃদরোগ, বক্ষব্যাধি, জেনারেল সার্জারী বিশেষজ্ঞ ও সার্জন
ডাঃ মোঃ মাহমুদুর রহমান (শিমুল)
এম.বি.বি.এস (এস.এস.এম.সি),বিসিএস (স্বাস্থ্য) এম.এস (কার্ডিওভাসকুলার এন্ড থোরাসিক সার্জারী) এফ.সি.পি.এস (এফপি)-জেনারেল সার্জারী জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা। ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল রোড, মেহেরপুর।
রোগী দেখার সময় : প্রতিদিন দুপুর ২ টা থেকে বিকাল ৪টা পর্যন্ত (শুক্রবার বাদে)।

স্ত্রী, পসূতি ও বন্ধ্যত্ব রোগ চিকিৎসক সার্জন
ডাঃ মোছাঃ সাদিয়া আফরিন (সোমা)
এমবিবিএস, এসএসএমসি, বিসিএস(স্বাস্থ্য), সিএমইউ( আল্ট্রাসনোগ্রাফি), এফসিপিএস ( শেষ পর্ব) স্ত্রী রোগ ও প্রসূতিবিদ্যা বিভাগ, ২৫০ শয্যা বিশিষ্ট্য জেনারেল হাসপাতাল ,মেহেরপুর, এক্স সহকারি রেজিস্টার, কুস্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল।

চর্ম, যৌন ও এলার্জি রোগ বিশেষজ্ঞ
ডাঃ মোঃ আফজালুর রহমান সিদিকী (মুকুল)
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) মাস্টার্স ইন লেপ্রোলজী (জাপান) এ ভারপ্রাপ্ত কনসালটেন্ট (সাবেক) চর্ম, যৌন ও এলার্জি রোগ বিভাগ, ঢাকা মেডিকেল কলেহ হাসপাতাল, সাবেক কনসালটেন্ট, ইসলামী ব্যাংক মেডিকেল কলেজ হাসপাতাল, রাজশাহী।
রোগী দেখার সময় প্রতি মঙ্গলবার সকাল ১০টা থেকে বিকাল ৫টা পর্যন্ত ।

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

মেহেরপুর, সোমবার, ৩০ জুন ২০২৫ ইং

## গড় পুকুর: উন্নয়নের নামে অবহেলার জলরাশি

মেহেরপুর শহরের বুকে বিস্তৃত সাত একরের ঐতিহাসিক জলাধার গড় পুকুর এখন যেন নিঃশব্দে বিলীন হওয়ার অপেক্ষায়। শতাব্দীপ্রাচীন এই পুকুরটি শুধু একটি জলাশয় নয়, এটি মেহেরপুরের ইতিহাস, ঐতিহ্য ও সংস্কৃতির জীবন্ত দলিল। অথচ আজ এই গড় পুকুর উন্নয়ন প্রকল্পের নামে অব্যবস্থাপনা, অনিয়ম ও দুর্নীতির করালগ্রাসে হারাতে বসেছে তার স্বকীয়তা।

২০১৯ সালে মেহেরপুর পৌরসভা ১১ কোটি ৫৬ লাখ টাকার সৌন্দর্যবর্ধন প্রকল্প গ্রহণ করে। শুরুতে আশাবাদ জাগালেও বাস্তবতা হল, প্রকল্পটি শুরু হওয়ার কিছুদিনের মধ্যেই থমকে যায়। টেন্ডারপ্রাপ্ত প্রতিষ্ঠান কাজ শুরু না করায় দায় স্থানান্তরিত হয় অন্য ঠিকাদারের হাতে, কিন্তু দুর্ভাগ্যজনকভাবে প্রকল্পটি আর গন্তব্যে পৌঁছায়নি। ধীরগতি, নিম্নমান এবং সময়মতো কাজ না হওয়ায় প্রকল্পের একটি বড় অংশের অর্থ ফেরত চলে যায় সরকারি কোষাগারে। স্থানীয় ব্যবসায়ী ও বাসিন্দাদের ভাষ্যে উঠে এসেছে ক্ষোভ ও হতাশার চিত্র। কেউ বলছেন, এই পুকুর এক সময় ছিল শহরবাসীর নির্ভরতার জায়গা, কেউ বলছেন, পুকুরে সাঁতার কাটা ছিল দৈনন্দিন জীবনের অংশ। এখন সেখানে পড়ে আছে ভাঙা ঢালাই, ধ্বংসপ্রাপ্ত বাঁধ, ময়লা ও আবর্জনায় পরিপূর্ণ জলরাশি। কাঙ্ক্ষিত বিনোদন কেন্দ্র তো দূরের কথা, যা হয়েছে তাও চোখে পড়ে না। এই পরিস্থিতির পেছনে যেমন রয়েছে দায়িত্বহীন প্রশাসনিক সিদ্ধান্ত, তেমনি রয়েছে প্রকল্প তদারকির ঘাটতি। স্থানীয় ইতিহাসবিদরা বলছেন, “গড়” অর্থ নিচু কক্ষ বা খালসদৃশ পরিখা। রাজা গোয়ালা চৌধুরীর আমলে ডাকাতদের হাত থেকে রক্ষা পেতে যে পরিখা খনন করা হয়েছিল, আজ তা ইতিহাস হয়ে ঠাঁই নিয়েছে গড় পুকুরে। এ ধরনের ঐতিহাসিক স্থান সংরক্ষণে যে যত্ন, নিষ্ঠা ও পদ্ধতিগত পরিকল্পনা প্রয়োজন, তা ছিল অনুপস্থিত। একটি গুরুত্বপূর্ণ প্রশ্ন এখন আমাদের সামনে গড় পুকুরের ভবিষ্যৎ কী? মেহেরপুরের মতো একটি জেলায় যেখানে জনবিনোদনের সুযোগ সীমিত, সেখানে এমন একটি প্রকল্পের ব্যর্থতা শুধু অর্থনৈতিক ক্ষতি নয়, এটি সামাজিক ও সাংস্কৃতিক ক্ষতির শামিল। পৌরসভা ও প্রশাসনের দায়িত্ব এক্ষেত্রে সীমাবদ্ধ থাকতে পারে না। তারা চাইলে এখনো গড় পুকুরকে পুনরুজ্জীবিত করা সম্ভব, তবে তা হতে হবে রাজনৈতিক সদিচ্ছা, প্রকৌশলগত দক্ষতা এবং জনগণের অংশগ্রহণের সমন্বয়ে। আজ, যখন উন্নয়ন প্রকল্প মানেই অনেকের চোখে দুর্নীতির আরেক নাম, তখন গড় পুকুরের মতো একটি প্রকল্প আমাদের মনে করিয়ে দেয় অগ্রগতির নামে যদি আমরা অতীতকে ধ্বংস করি, তাহলে ভবিষ্যতও হবে দুর্বিষহ। গড় পুকুরকে ফিরিয়ে দিন তার প্রাচীন গৌরব। এটি কেবল একটি পুকুর নয়, এটি মেহেরপুরের আত্মার প্রতিচ্ছবি।

## প্রধান উপদেষ্টা

আয়োজন ও উদ্ভাবনী সংস্কৃতি গড়ে তুলে নর্থ সাউথ ইউনিভার্সিটি অন্যদের জন্য একটি শক্তিশালী উদাহরণ স্থাপন করেছে।

সবার জন্য বাসযোগ্য ও বৈষম্যহীন পৃথিবী গড়তে চাই: প্রধান উপদেষ্টা

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন স্বাস্থ্য উপদেষ্টা নূরজাহান বেগম। বিশেষ অতিথি ছিলেন সমাজকল্যাণ উপদেষ্টা শারমিন এস মুরশিদ, নিযামী গঞ্জাভি ইন্টারন্যাশনাল সেন্টারের কো-চেয়ার এবং বিশ্বব্যাংকের সাবেক ভাইস প্রেসিডেন্ট ড. ইসমাইল সেরাগেলদিন, প্রধান উপদেষ্টার কার্যালয়ের টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) বিষয়ক প্রধান সমন্বয়ক লামিয়া মোরশেদ, নরওয়ের পরিবেশ ও জলবায়ু বিষয়ক সাবেক মন্ত্রী ও ইউএন এনভায়রনমেন্টের সাবেক নির্বাহী পরিচালক এরিক সোলহেইম এবং নর্থ সাউথ ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজ ও সিটি ব্যাংকের চেয়ারম্যান আজিজ আল কায়সার। অনুষ্ঠান শেষে নর্থ সাউথ ইউনিভার্সিটিতে তিনটি সেন্টার আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়। সেগুলো হলো- এনএসইউ সোশ্যাল বিজনেস সেন্টার, এনএসইউ সোশ্যাল ইমপ্যাক্ট অ্যান্ড সাসটেইনেবিলিটি সেন্টার এবং এনএসইউ ক্লাইমেট অ্যান্ড ডিজাস্টার রেসিলিয়েন্স সেন্টার।

## সাবেক সিইসি হাবিবুল আউয়াল

আদালতে হাজির করে কারাগারে আটক রাখার আবেদন করেন মামলার তদন্তকারী কর্মকর্তা ও শেরেবাংলা নগর থানার উপপরিদর্শক (এসআই) শামসুজ্জোহা সরকার।

আসামিপক্ষে আইনজীবী রিমান্ড বাতিলসহ জামিন আবেদন করেন। রাষ্ট্রপক্ষ জামিনের বিরোধিতা করে। উভয়পক্ষের শুনানি শেষে বিচারক জামিন আবেদন নামঞ্জুর করে তাকে কারাগারে পাঠানোর আদেশ দেন।

গত ২৫ জুন রাজধানীর মগবাজার থেকে হাবিবুল আউয়ালকে গ্রেপ্তার করে ডিএমপির গোয়েন্দা বিভাগ (ডিবি)।

বিগত আওয়ামী লীগ সরকারের সময়ে নির্বাচন কমিশনের সাংবিধানিক দায়িত্ব পালন না করে উল্টো ভয়-ভীতি দেখিয়ে জনগণের ভোট ছাড়াই নির্বাচন সম্পন্ন করার অভিযোগে গত ২২ জুন শেরেবাংলা নগর থানায় মামলা করে বিএনপি। পরে গত ২৫ জুন এ মামলায় নতুন করে রাষ্ট্রদ্রোহ, প্রতারণা ও অর্থ আত্মসাতের ধারা যুক্ত করা হয়।

মামলায় ২০১৪ সালের নির্বাচনের তৎকালীন সিইসি কাজী রকিবউদ্দীন আহমদ, ২০১৮ সালের নির্বাচনে তৎকালীন সিইসি এ কে এম নুরুল হুদা ও ২০২৪ সালের নির্বাচনের তৎকালীন সিইসি কাজী হাবিবুল আউয়ালকে আসামি করা হয়েছে। এ ছাড়া সাবেক পুলিশ মহাপরিদর্শক (আইজিপি) হাসান মাহমুদ খন্দকার, এ কে এম শহীদুল হক, জাবেদ পাটোয়ারী, বেনজির আহমেদ ও চৌধুরী আবদুল্লাহ আল-মামুনকেও আসামি করা হয়েছে এই মামলায়।

## ১৬ জুলাই ‘জুলাই শহীদ দিবস’ ও ৫

দিন ৫ আগস্টকে ‘জুলাই গণঅভ্যুত্থান দিবস’, অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন অন্তর্বর্তী সরকার গঠনের দিন ৮ আগস্টকে ‘নতুন বাংলাদেশ দিবস’ এবং গণ-আন্দোলন চলাকালে রংপুরে পুলিশের গুলিতে আবু সাঈদের নিহত হওয়ার দিন ১৬ জুলাইকে ‘শহীদ আবু সাঈদ দিবস’ ঘোষণা করে পরিপত্র জারি করেছিল অন্তর্বর্তী সরকার।

## নেতাদের মধ্যে মারামারি, সচিবালয়ে

কবীরের বিরুদ্ধে স্লোগান দেন এবং হামলাকারীদের বিচার দাবি করন। এ সময় মোজাহিদুল ইসলাম সেলিম বলেন, ‘গত ২৪ জুলাই সন্ধ্যায় নূরুল ইসলামসহ পরিষদের শীর্ষ নেতাদের ওপর অতর্কিত হামলা হয়। নূরুল ইসলাম এখনও হাসপাতালে ভর্তি আছেন। সেদিন সন্ধ্যার পর থেকে সকাল ৭টা পর্যন্ত সচিবালয়ের ৪ নম্বর ভবনের সব সিসি ক্যামেরা বন্ধ ছিল। এটা কার নির্দেশে?’

সিসিটিভি ফুটেজ দেখে হামলাকারীদের শনাক্ত করার দাবি জানিয়ে তিনি বলেন, ‘সচিবালয়ে মাস্তানি করার জায়গা না। ১৮ হাজার কর্মচারীকে সঙ্গে নিয়ে আমরা তাদের প্রতিহত করবো। আজ হোক, কাল হোক- এখান থেকেই বিচার করবো।’

## সম্মাননা দেবে তথ্য মন্ত্রণালয়

সম্প্রতি মন্ত্রণালয়ের সচিব মাহবুবা ফারজানার সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। এ উপলক্ষে আগামী ৫ জুলাই জাতীয় জাদুঘরে জুলাই গণঅভ্যুত্থান স্মরণে নির্মিত ‘শ্রাবণ বিদ্রোহ’ চলচ্চিত্রের প্রিমিয়ার শো’র আয়োজন করা হবে। সারা দেশে এবং বিদেশে বাংলাদেশ মিশনগুলোতে চলচ্চিত্রটি প্রদর্শন করা হবে। এছাড়া, গণযোগাযোগ অধিদফতর, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ এবং ঢাকার চারটি বিশ্ববিদ্যালয় জুলাই গণঅভ্যুত্থান সম্পর্কিত চলচ্চিত্র, প্রামাণ্যচিত্র, ডকুমেন্টারি দেশব্যাপী প্রদর্শন করবে। এদিকে, জুলাই গণঅভ্যুত্থানের বর্ষপূর্তিকে ঘিরে আন্তর্জাতিক সেমিনারের আয়োজন করা হবে। গণঅভ্যুত্থানের বর্ষপূর্তি উপলক্ষে আগামী ১ জুলাই থেকে ৫ আগস্ট পর্যন্ত বিভিন্ন পত্রিকায় বিশেষ ফিচার, নিবন্ধ ও ক্রোড়পত্র প্রকাশ করা হবে। জুলাই গণঅভ্যুত্থানের গুরুত্ব ও তাৎপর্য তুলে ধরে ব্যানার ও বিলবোর্ড স্থাপন, ফটোকার্ড তৈরি ও প্রচার এবং পোস্টার, ফেস্টুন মুদ্রণ ও বিতরণ করা হবে।

# মব ভায়োলেন্স পরিহার করুণ

রাব্বি আহমেদ



নতুন বাংলাদেশ গড়ে তুলতে মব ভায়োলেন্সের কোন প্রয়োজন নেই। দেশের আইন শৃঙ্খলা পরিস্থিতির উন্নতির জন্য সরকারকে আরো কঠোর থেকে কঠোরতর হতে হবে। জীবনের ঝুকি নিয়ে পুলিশ মব ভায়োলেন্স বা চাঁদাবাজীদের আটক করবে আর তথাকথিত ছাত্র নেতা বা সরকারি দলের লোকজন যেয়ে তাদেরকে থানা থেকে ছাড়িয়ে আনবে এতে করে মব ভায়োলেন্সকারীরা আরো ভয়ংকর রুপে রুপান্তরিত হবে তাতে কোন সন্দেহ নেই। সাবেক সিইসি ’র গলায় জুতার মালা এবং গালে জুতা পেটুনি কি ভাল লক্ষণ? অপরাধীদের নিরাপত্তা দেওয়া সরকারের দায়িত্ব। এ সংস্কৃতি কাহারো কাম্য নয়। এমনিতে সাড়া দেশে পুলিশ এখনও নিস্ক্রিয় থাকায় মাঠে সেনাবাহিনী থাকলেও কাজের কাজ কিছুই হচ্ছে না। বাড়ীঘর ভাংচুর, চাঁদাবাজী, ছিনতাই, লুট-পাট, অপহরণ, ধর্ষণ, আটক করে পরিবারের নিকট হতে টাকা আদায় করা মত অনেক ঘটনা ঘটেই চলছে যা নিয়ন্ত্রণ করার মত কোন বাহিনীকে মানছে না তথাকথিত ছাত্র নামধারী এক শ্রেনীর তরুণ নব্য সন্ত্রাসী চাঁদাবাজির দল। এদের বিরুদ্ধে গ্রেফতার বা একশন কে নেবে? সচিবালয়সহ দেশের বিভিন্ন সরকারি অফিসগুলো, জেলা প্রশাসন, কোর্ট-কাঁচারী সব জায়গাতে মব জাষ্টিসের দৌরাত্বে জনগন অতিষ্ট হয়ে পরেছে। মব ভায়োলেন্সকারীরা সাধারণত ক্ষুদ্ধ, হিংস্র অথবা নিয়ন্ত্রণ করা কঠিন এমন একটি দলবল তারা প্রায়ই দেশের বিভিন্ন স্থানে যখন তখন গুজব ছড়িয়ে দলবদ্ধভাবে গণপিটুনি থেকে শুরু করে মানুষের জানমালের ওপর আক্রমণ চালায়।

মব জাষ্টিস বা গণপিটুনি হচ্ছে এমন এক সামাজিক ব্যাধি যেখানে বিচার ব্যবস্থা বা আইন নিজেরাই নিজেদের হাতে তুলে নেয়। ৫ আগষ্টের পর বাংলাদেশে এই সামাজিক ব্যাধি প্রকট আকারে দেখা দিয়েছে। এক শ্রেনীর লোকজন মানুষের ঘর বাড়ী ভাংচুর, লুটপাট ও ধ্বংশ নিলায় মেতে উঠেছে। এদের দৌরাত্বের পিছনে চাঁদাবাজী বড় ধরণের কাজ করছে। এখানে গুজব খুব দ্রুত ছড়িয়ে কাজ করা হয়। ফলে অনেক ক্ষেত্রে মিথ্যা তথ্যের ভিত্তিতে নিরীহ ব্যক্তিরাও মব জাষ্টিসের শিকার হয়ে থাকে। ইহা সাধারণত: আইন-শৃঙ্খলার ওপর এক বিরাট আঘাত হানে। যা রোধ করা সহজ হয়ে উঠে না। সাধারণত: মব জাষ্টিস সমাজে ভয় এবং অনিরাপত্তার পরিবেশ তৈরী করে। ইহা সম্প্রদায়ের মধ্যে বিশ্বাস ও ভ্রাতৃত্ববোধ ধ্বংশ করে দেয় এবং সামাজিক গোষ্ঠীর মধ্যে বিভেদ সৃষ্টি করে থাকে। সে জন্য গুজবে কান না দেওয়াই হচ্ছে মব জাষ্টিসের প্রধান কাজ। স্থানীয়ভাবে জনগনকে সচেতন থাকা এবং আইন শৃঙ্খলা বাহিনীকে শক্তিশালী এবং কঠোর দমনে আত্মনিয়োগ করাই শ্রেয়। কিছুদিন আগে সেনাবাহিনী বলেছিল দেশের বিরামজমান পরিস্থিতিতে দেশের সার্বভৌমত্ব রক্ষাসহ সার্বিক পরিস্থিতি স্থিতিশীল রাখতে নিরলসভাবে নিরাপত্তা, ক্ষতিসাধন, ভায়োলেন্স ও জনদূর্ভোগ সৃষ্ঠি করতে পারে এমন কর্মকান্ডের বিরুদ্ধে সেনাবাহিনী কঠোর পদক্ষেপ নিবে। কৈই এ ঘোষণার পরও দেশের বিভিন্ন স্থানে এক শ্রেনীর তথাকথিত তরুণদের মব ভায়োলেন্স তৈরীর মাধ্যমে বাড়ীঘর ভাংচুর, ইট পাটকেল নিক্ষেপ ও অগ্নি সংযোগ করতে দেখেছি। ঘটনা ঘটার অনেক পরে ক্ষতিগ্রস্থ পরিবার ও এলাকা দেখতে আইন শৃঙ্খলা বাহিনীর আগমন কোনভাবেই কাম্য নয়।

আশাকরি, মব জাষ্টিস বন্ধ করতে চিহ্নত সন্ত্রাসী দেশের বিভিন্নস্থানে খুন, সন্ত্রাস, ধর্ষন, রাতে গণ পরিবহনে ডাকাতি, লুটতরাজ, বাড়ীঘর, ও মাজার ভাংচুর, নারীদের হেনেস্তা ও নির্যাতন, ধর্ষণ, ছিনতাই, চাঁদাবাজী ইত্যাদি ও জনজীবনে আতংক সৃষ্টিকারী এবং মব- এর নামে শুধু পুলিশ কেন সাধারণ মানুষ, শিক্ষকদের ওপর গণপিটুনীকারীদেরকে আইনের আওতায় আনতে হবে এবং এক শ্রেনীর উচ্ছৃঙ্খল গুজব রটনাকারী এবং মাদকসেবক, চাঁদাবাজী, ছিনতাইকারীদের ধরার জন্য অনুরোধ করছি। (মেহেরপুর জেলা প্রতিনিধি, নাগরিক টিভি ও কালের কন্ঠ)

## রেকর্ড গড়লো মেহেরপুর চীফ আদালত

গত ৫ মাসে এই আদালত ২২৫টি মামলা নিস্পত্তি করেছে। যা রেকর্ড। সূত্রটি জানায়- ২০২৪ সালের ফেব্রুয়ারীতে যেখানে ৫টি মামলা নিস্পত্তি হয়েছে, সেখানে ২৫ সালের ফেব্রুয়ারীতে ২৪টি মামলা নিস্পত্তি হয়েছে। একইভাবে ২৪ এর মার্চে ১৮টি, ২৫ সালের মার্চে ৬২টি। ২৪ এর এপ্রিলে ৯টি, ২৫ এর এপ্রিলে ৫৭টি। ২৪ এর মে মাসে ১৮টি, সেখানে ২৫ এর মে মাসে ৫৯টি। সর্বশেষ ২০২৫ সালের জুন মাসের ২৬ তারিখ পর্যন্ত এই আদালতের মামলা নিস্পত্তির সংখ্যা ছিল ২৩টি। যা ২৪ সালে ছিল ১১টি। সবমিলিয়ে ২৪ সালের এই ৫ মাসে যেখানে মামলা নিস্পত্তি সংখ্যা ৬১টি। সেখানে ২৫ সালে উল্লেখিত ৫ মাসে মামলা নিস্পত্তি হয়েছে ২২৫টি। তথ্য গ্রহনের সময় উপস্থিত একজন শিক্ষক বললেন- তিনিও সাক্ষী দিতে এসেছিলেন। ৫ বছর পর তিনি সাক্ষী দিয়ে পেরে খুবই খুশি। তিনি বললেন- এভাবে সাক্ষী জেরা সম্পন্ন হলে আদালতে মামলা জট যেমন কমে আসবে। তেমনি বিচারপ্রার্থীরা দ্রুত বিচার পাবে। আমি তো দেখেছি কবির সেই উক্তি- “প্রতিকারহীন শক্তের অপরাধে, বিচারের বাণী নিরবে নিভৃতে কাঁদে” মর্মস্পর্শী এই কথা মিথ্যা হয়ে যাবে।

আদালতে মামলা নিস্পত্তির হিড়িক কিভাবে সম্ভব প্রশ্নে মেহেরপুর জেলা ও দায়রা জজ আদালতের পিপি সাইদুর রাজ্জাক বলেন- মাত্র ৫ মাস হলো নতুন মুখ্য বিচারক হাকিম স্যারের আসা। ফ্যাসিষ্ট আমলে সরকারী কৌশলীরা সাক্ষী গেলে সাক্ষী নেয়নি। মামলা নিস্পত্তি প্রশ্নে বিচারকদের মধ্যেও ছিল অনীহা। এখন সরকারী কৌশলী, পেশকার এবং বকশিদের দ্রুত সাক্ষী সমন পাঠিয়ে এবং সাক্ষীদের সাক্ষ্যগ্রহণ শেষ করতে কড়া নির্দেশ রয়েছে। তিনি বলেন- চীফ জুডিশিয়াল আদালতের বিচারক শাহজাহান আলী স্যারের সদিচ্ছা ও আন্তরিকতা ছাড়া এই রেকর্ড গড়া কোনক্রমেই সম্ভব ছিল না। মেহেরপুর জেলা আইনজীবি সমিতির সভাপতি মারুফ আহমেদ বিজন বলেন- প্রতিদিন সব বিচারিক আদালতে সাক্ষীদের উপস্থিতি বাড়ছে। বিশেষ করে মুখ্য বিচারিক কোর্টে। আইনজীবিদের কাছে এটা চাপ হলেও দ্রুত মামলা নিস্পত্তির স্বার্থে এই চাপ সামলাতে হবে আইনজীবিদের। তিনি বলেন- বার এবং বেঞ্চের পারস্পরিক চেষ্টা ও আন্তরিকতায় আইনজীবিরাও দ্রুত মামলা নিস্পত্তির প্রশ্নে বদ্ধপরিকর। তিনি মুখ্য বিচারকি হাকিম আদালতে মামলা নিস্পত্তির এই সংখ্যাকে নজীরবিহীন বলে দাবী করেন।

মেহেরপুর জেলা জাতীয়তাবাদী আইনজীবি ফোরাম এর আহবায়ক আসাদুল আযম খোকন বলেন- ফ্যাসিষ্ট আমলে আদালতের শৃঙ্খলা ছিল না। আদালত চলতো খেয়ালখুশি মত। বিচারপ্রার্থীদের কাছে বিচার পাওয়া ছিল আলাদীনের চেরাগ পাওয়ার মত। এখন পরিস্থিতি বদলেছে। মানুষ দ্রুত নায্য বিচার পাচ্ছে। তাই বিচারাঙ্গনের প্রতি বিচারপ্রার্থী মানুষের আস্থা বেড়েছে। ফলে সাক্ষীরাও সমন পাওয়া মাত্র স্ব-ইচ্ছায় আদালতে উপস্থিত হচ্ছেন। আদালত কোন সাক্ষীকে ফেরত না দিয়ে সমস্ত সাক্ষীর সাক্ষ্য ও জেরা ধর্য্য সহকারে গ্রহণ করছেন। তিনি বলেন- বিচারপ্রার্থী মানুষের এই আস্থাকে ধরে রাখতে জাতীয়তাবাদী প্রতিটি আইনজীবি এক্ষেত্রে আদালতকে সম্পূর্ণরূপে সহযোগীতা করছেন বিধায় মুখ্য বিচারিক হাকিম আদালতে এখন মামলা নিস্পত্তির সংখ্যা বেড়ে রেকর্ড গড়েছে।

## মেহেরপুর পৌরসভার ৪০ কোটি

নির্বাহী কর্মকর্তা জি এম ওবায়দুল্লাহ।অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক সামসুল আলম, জেলা শিক্ষা কর্মকর্তা মো. হযরত আলী, জেলা প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, পৌরসভার সহকারী প্রকৌশলী আবু হেনা মোস্তফা কামালসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ। প্রস্তাবিত বাজেটে রাজস্ব খাতে আয় ধরা হয়েছে ১১ কোটি ৫৮ লাখ ৯৮ হাজার টাকা এবং ব্যয় নির্ধারণ করা হয়েছে ১১ কোটি ৩৩ লাখ ৪৯ হাজার ২৪০ টাকা। এতে রাজস্ব খাতে উদ্বৃত্ত থাকবে ২৫ লাখ ৪৮ হাজার ৭৬০ টাকা। এছাড়া উন্নয়ন খাতে আয় ধরা হয়েছে ২৮ কোটি ৪৯ লাখ টাকা এবং ব্যয় ২৮ কোটি ২২ লাখ টাকা, ফলে এই খাতে উদ্বৃত্ত দেখানো হয়েছে ২৭ লাখ টাকা। বাজেট ঘোষণা অনুষ্ঠানে বক্তারা বলেন, পৌরসভার সার্বিক উন্নয়নের জন্য পরিকল্পিত ও স্বচ্ছ বাজেট অত্যন্ত জরুরি। তারা আশা প্রকাশ করেন, প্রস্তাবিত বাজেট বাস্তবায়িত হলে নাগরিক সেবা আরও উন্নত হবে এবং পৌরসভা হবে একটি বাসযোগ্য ও মডেল পৌর এলাকা। অনুষ্ঠান শেষে নাগরিকদের মতামত গ্রহণ ও প্রশ্নোত্তর পর্ব অনুষ্ঠিত হয়, যেখানে নাগরিক সুবিধা, বাজেট বাস্তবায়ন ও ভবিষ্যৎ পরিকল্পনা নিয়ে আলোচনা হয়।

## গাংনীতে ৭০ পিচ ইয়াবাসহ ওয়ার্ড

ঘোষিত ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ইউনুস আলী ইযাবা বহন করছে। এমর সংবাদের ভিত্তিতে ডিবির একটি দল গাংনী উপজেলার ষোলটাকা ইউনিয়নের কুঞ্জনগর বালিকা বিদ্যালয়ের মোড় অবস্থান নেয়। এসময় ইউনুস আলী সেখানে আসলে তাকে আটক করে জিজ্ঞাসাবাদ করা হয়। এসময় তার কাছ থেকে ৭০ পিচ ইয়াবা উদ্ধার করা হয়। পরে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে তার বিরুদ্ধে মামলা দায়ের করে গাংনী থানায় হস্তান্তর করা হয়েছে।

এদিকে ইউনুস আলীর রাজনৈতিক পরিচয় সম্পর্কে নিশ্চিত করে ষোলটাকা ইউনিয়ন আওয়ামী

## গাংনীতে টিসিবি কার্ড অ্যাক্টিভেশনের

কার্ডধারী ইসাহাক বলেন, “কার্ড অ্যাক্টিভ করতে এলে ৫০ টাকা চাওয়া হয়। না দিলে কাজ হবে না, তাই বাধ্য হয়ে দিয়েছি। এর আগে কার্ড পাওয়ার সময়ও ৩০০ টাকা দিতে হয়েছিল।”চান্দামারী গ্রামের আরেক ভুক্তভোগী ইউসুফ বলেন, “সরকারের দেওয়া সুবিধা পেতেও টাকা দিতে হয়! এটা কেমন বিচার? গরিব মানুষদের সঙ্গে এমন প্রতারণা মেনে নেওয়া যায় না।” উদ্যোক্তা মিকাইল হোসেন অভিযোগের বিষয়ে বলেন, “সরকারের পক্ষ থেকে আমাদের কোনো বেতন-ভাতা দেওয়া হয় না। স্থানীয় চেয়ারম্যান ও মেম্বারদের পরামর্শেই এই টাকা নেওয়া হচ্ছে।” ধানখোলা ইউনিয়ন পরিষদের সচিব রফিকুল ইসলাম বলেন, “আগের প্যানেল চেয়ারম্যান ফিরোজের সময় এ ধরনের একটি সিদ্ধান্ত নেওয়া হয়েছিল। সেই সিদ্ধান্ত অনুসারেই এখনো টাকা নেওয়া হচ্ছে।” তবে গাংনী উপজেলা প্রশাসন বলছে, টিসিবি কার্ড অ্যাক্টিভেশনে কোনো টাকা নেওয়ার নিয়ম নেই। গাংনী উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) আনোয়ার হোসেন বলেন, “টিসিবির স্মার্ট কার্ড অ্যাক্টিভ করতে কোনো ধরনের অর্থ নেওয়ার অনুমোদন নেই। অভিযোগের সত্যতা পেলে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেওয়া হবে।” এদিকে এই ঘটনায় স্থানীয় বাসিন্দাদের মধ্যে চরম ক্ষোভ ও অসন্তোষ বিরাজ করছে। তারা দাবি করছেন, সরকার যেখানে দরিদ্র জনগোষ্ঠীকে সহায়তা দিতে উদ্যোগ নিচ্ছে, সেখানে কিছু অসাধু ব্যক্তি সেই সহায়তার পথেই প্রতিবন্ধকতা সৃষ্টি করছে।

## দেড় মাসেও গ্রেফতার হয়নি ইলিয়াস

আহমেদ, তার বাবা ময়নাল হোসেন ও মা সুখিয়ারা খাতুনকে আসামী করে গাংনী থানায় হত্যা মামলা দায়ের করেন। কিন্তু দেড় মাস পেরিয়ে গেলেও সাবেক ইউপি সদস্য ও স্থানীয় আওয়ামী লীগ নেতা ময়নাল হোসেন এবং তার স্ত্রী সুখিয়ারা খাতুন এখনও পলাতক। নিহতের স্ত্রী সালমা খাতুন বলেন, সবুজ যদি জামিনে বের হয়ে আসে, তাহলে সে আমাদের মেরে ফেলবে। ওর বাবা-মা তাকে সবসময় প্রশ্রয় দিয়েছে, এ জন্যই সে আজ ঘাতক হয়ে উঠেছে। অভিযোগ রয়েছে, আসামীপক্ষের প্রভাবশালী পরিচয় ও অর্থের প্রভাবে মামলার তদন্তে ধীরগতি দেখা দিয়েছে। তদন্ত কর্মকর্তা এসআই ওয়াহিদের বিরুদ্ধে দায়িত্বে অবহেলার অভিযোগ এনে তাকে পরিবর্তনের দাবি জানিয়েছেন নিহতের স্বজনরা। এ বিষয়ে স্থানীয় বিএনপি নেতা ও সাবেক চেয়ারম্যান ফেরদৌস ওয়াহেদ বেল্টু বলেন, দ্রুত বাকি আসামীদের গ্রেফতার করতে হবে, না হলে এলাকাবাসীকে সঙ্গে নিয়ে কঠোর কর্মসূচি দেওয়া হবে। বিএনপি নেতা রহিদুল ইসলাম মাস্টার বলেন, “সবুজ একজন উচ্ছৃঙ্খল ছেলে। তার শ্বশুরবাড়ি থেকে বহুবার অভিযোগ জানানো হয়েছিল, কিন্তু তার বাবা কোনো ব্যবস্থা নেয়নি। সময়মতো কঠোরতা দেখালে এই হত্যাকাণ্ড হতো না। তদন্ত কর্মকর্তা এসআই ওয়াহিদের মোবাইল ফোনে একাধিকবার যোগাযোগের চেষ্টা করা হলেও তা বন্ধ পাওয়া গেছে। গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) বানী ইসরাইল জানান, সবুজ বর্তমানে পুলিশ হেফাজতে রয়েছে। বাকি আসামীদের গ্রেফতারের চেষ্টা চলছে।

## মেহেরপুর ও দামুড়হুদায় তামাক

আক্তার রুনা ধূমপান ও তামাকজাত দ্রব্যের স্বাস্থ্যঝুঁকি তুলে ধরে একটি ডিজিটাল স্যাটেলাইট শো উপস্থাপন করেন। এছাড়া সহকারী কমিশনার (ভূমি) কে. এইচ. তাসফিকুর রহমান তামাক নিয়ন্ত্রণ আইন ও এর সঠিক বাস্তবায়ন সম্পর্কিত দিকগুলো তুলে ধরেন। প্রশিক্ষণে আরও উপস্থিত ছিলেন দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ হুমায়ুন কবীর, উপজেলা সমাজসেবা কর্মকর্তা তোফাজ্জল হক, প্রাথমিক শিক্ষা কর্মকর্তা আবু হাসান, মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে জাহান, স্যানিটারি ইন্সপেক্টর নিয়ামত আলী, দর্শনা প্রেস ক্লাবের সভাপতি ইকরামুল হক পিপুল এবং দামুড়হুদা প্রেস ক্লাবের সাংগঠনিক সম্পাদক রকিবুল হাসান তোতা প্রমুখ। বক্তারা বলেন, তামাকের ব্যবহার শুধু স্বাস্থ্য নয়, সামাজিক ও অর্থনৈতিক ক্ষেত্রেও মারাত্মক ক্ষতি করে। তাই সামাজিক সচেতনতা বৃদ্ধি, প্রচার কার্যক্রম এবং মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়ন জরুরি।

## রাতে ৫ উপসর্গ দেখা দিলেই সতর্ক

হওয়া : ঘন ঘন প্রস্রাব হওয়া কেবল ডায়াবেটিস নয়, কিডনি রোগের কারণেও হতে পারে। বিশেষত রাতের বেলা স্বাভাবিকের তুলনায় বেশিবার মূত্রত্যাগ করতে হলে সতর্ক হওয়া প্রয়োজন। রাতে দুই বা তার বেশি প্রস্রাব হলে তা কিডনি অসুস্থতার লক্ষণ হতে পারে। অনিদ্রার সমস্যা : ক্রনিক বা দীর্ঘস্থায়ী কিডনি রোগে আক্রান্ত ব্যক্তিদের মধ্যে অনিদ্রার সমস্যা খুবই সাধারণ। চিকিৎসকরা জানাচ্ছেন, কিডনির সমস্যায় আক্রান্ত মানুষদের ঘুম না আসার সমস্যা সুস্থ মানুষদের তুলনায় অনেক বেশি। তাই হঠাৎই অনিদ্রার সমস্যা দেখা দিলে তা উপেক্ষা না করাই ভালো। শ্বাসকষ্ট হওয়া : শ্বাসকষ্ট কিডনি রোগের অন্যতম লক্ষণ। কিডনির সমস্যা হলে শরীরে তরলের পরিমাণে হেরফের হয়। আর তা থেকেই ফুসফুসের উপর চাপ পড়ে। শোয়ার সময়ে এ সমস্যা আরও বেড়ে যায়।

## জরাজীর্ণ ভবনেই ফিরছে প্রাণ, সচল

“সরকারি হাসপাতাল থাকলে সরকারি তত্ত্বাবধানে সাশ্রয়ী চিকিৎসা পেতাম। তাই দ্রুত চালু হওয়া প্রয়োজন।” সাবেক চেয়ারম্যান আব্দুল আউয়াল বলেন, “আমরা বিষয়টি গুরুত্ব দিচ্ছি। দ্রুত হাসপাতাল চালুর চেষ্টা করবো।” উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা মো. মোত্তালেব আলী জানান, “জানালা-দরজা, চিকিৎসা সরঞ্জাম ও জমি সংক্রান্ত সমস্যার সমাধান করে ঊর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে প্রস্তাব পাঠানো হবে।” সাবেক উপসহকারী কর্মকর্তা ইউসুফ আলী বলেন, “সরকারি প্রতিষ্ঠান এভাবে বন্ধ থাকা দুঃখজনক। এবার সক্রিয় পদক্ষেপ আশা করছি।” দ্রুত পদক্ষেপ প্রয়োজন। হাসপাতাল চালু হলে চার ইউনিয়নের হাজারো পশু পালনকারী উপকৃত হবেন। ব্যয় ও দুর্ভোগ কমবে, প্রাণিসম্পদ সেবার মান উন্নত হবে।

## রাইপুর ইউপি প্যানেল চেয়ারম্যানের

অনিয়মের অভিযোগ। চাঁদপুর গ্রামের আবুছদ্দীন বলেন, প্রতি মাসে ৩০ কেজি করে চাল পাওয়ার কথা, কিন্তু গত পাঁচ মাসে পেয়েছি মাত্র তিন মাসের। একই অভিযোগ করেছেন রেকসোনা খাতুন, যিনি জানিয়েছেন, পাঁচ মাসের চাল বরাদ্দ থাকলেও তিনি পেয়েছেন মাত্র তিন মাসের চাল। তবে অভিযোগ অস্বীকার করে প্যানেল চেয়ারম্যান সারগিদুল ইসলাম দাবি করেন, মৃত ব্যক্তির নামে কার্ড হয়েছে ১ নম্বর ওয়ার্ডে, বিষয়টি আমি জানি না। আমার বিরুদ্ধে আনা অভিযোগ মিথ্যা ও বানোয়াট। রাইপুর ইউনিয়নের ১ নম্বর ওয়ার্ড সদস্য মোঃ আতিয়ার রহমান আজাদ বলেন, মৃত ব্যক্তির নামে চালের কার্ড হয়েছেড়এটা সত্যি। তবে এ বিষয়ে চেয়ারম্যান ভালো বলতে পারবেন। এ বিষয়ে গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) আনোয়ার হোসেন বলেন, বিষয়টি আমাদের কানে এসেছে। তদন্ত করে দেখা হবে। তবে এখনো কেউ লিখিত অভিযোগ জমা দেননি।

## মুজিবনগরে বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন

কর্মকর্তা (ইউএনও) পলাশ মণ্ডল। তিনি উপজেলার বিভিন্ন সরকারি, বেসরকারি, শিক্ষা এবং ধর্মীয় প্রতিষ্ঠানে ফলজ, বনজ ও ভেষজ গাছের চারা বিতরণের উদ্বোধন করেন। চারা বিতরণ শেষে মুজিবনগর স্বাধীনতা সড়কের দুই পাশে তাল গাছ রোপণের মাধ্যমে প্রতীকী বৃক্ষরোপণ কর্মসূচি বাস্তবায়ন করা হয়। এ সময় দুই পাশে মোট ১২০টি তাল গাছের চারা রোপণ করা হয়, প্রতিটি পাশে ৬০টি করে। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন মুজিবনগর প্রেস ক্লাবের সভাপতি ও সাংবাদিক সহমর ফারুক প্রিন্সসহ কৃষি বিভাগের অন্যান্য কর্মকর্তা ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিরা। ইউএনও পলাশ মণ্ডল বলেন, “আমাদের সময় সীমিত, তবে পরিবেশ রক্ষার জন্য প্রচুর পরিমাণে গাছ লাগানোর একটি লক্ষ্য ছিল। আজকের এই কর্মসূচির মাধ্যমে সেই লক্ষ্য পূরণের সূচনা হলো। উল্লেখ্য, বৃক্ষরোপণের এই উদ্যোগের অংশ হিসেবে উপজেলার বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান, মসজিদ-মাদ্রাসা ও বিদ্যালয়গুলোতেও গাছের চারা বিতরণ করা হয়েছে।

## কম্পিউটার, ল্যাপটপ ও স্মার্টফোনের

কম্পিউটার ও ল্যাপটপ চালুর সঙ্গে সঙ্গেই স্বয়ংক্রিয়ভাবে চালু হয়ে যায়। এতে প্রসেসর ও র‍্যামের ওপর বাড়তি চাপ পড়ে। উইন্ডোজের টাস্ক ম্যানেজারের স্টার্টআপ ট্যাবে গিয়ে এগুলো নিয়ন্ত্রণ করতে হবে। তবে নিরাপত্তাসংশ্লিষ্ট সফটওয়্যার যেমন অ্যান্টিভাইরাস অবশ্যই চালু রাখতে হবে। কম্পিউটার ও ল্যাপটপে থাকা অপ্রয়োজনীয় অনেক সফটওয়্যার বা ফাইল হার্ডডিস্কে জায়গা দখল করে রাখে। ফলে হার্ডডিস্কের কর্মক্ষমতা কমে যায়। আর তাই গতি বাড়ানোর জন্য হার্ডডিস্ক থেকে অপ্রয়োজনীয় সব ফাইল ও সফটওয়্যার মুছে ফেলতে হবে।

অপারেটিং সিস্টেম এবং সফটওয়্যার নিয়মিত হালনাগাদ করেও কম্পিউটার ও ল্যাপটপের গতি বাড়ানো যায়। অনেকেই মনে করেন, সফটওয়্যার হালনাগাদ মানে নতুন সুবিধা। কিন্তু প্রকৃতপক্ষে সফটওয়্যার হালনাগাদে নতুন সুবিধা যুক্ত করার পাশাপাশি পুরোনো নিরাপত্তা ত্রুটিও দূর করা হয়, আর তাই হালনাগাদ সফটওয়্যার ব্যবহার করলে কম্পিউটার ও ল্যাপটপ দ্রুত কাজ করে।

## ভারতে রথযাত্রায় পদদলিত হয়ে

পড়ে গেলে পদদলনের ঘটনা ঘটে। স্থানীয় প্রশাসন জানিয়েছে, আহতদের উদ্ধার করে পুরী জেলা হাসপাতালে ভর্তি করা হয়েছে। পুরীর জেলা কালেক্টর সিদ্ধার্থ শঙ্কর স্বাইন জানান, ঘটনাস্থলে জরুরি নিরাপত্তা ও চিকিৎসা ব্যবস্থা ছিল। তবে হঠাৎ ভিড়ের চাপে এই দুর্ঘটনা ঘটে। মৃতদেহগুলো ময়নাতদন্তের জন্য পাঠানো হয়েছে।

## টেস্ট নেতৃত্ব ছাড়লেন শান্ত, বিসিবির

এ প্রসঙ্গে বিসিবি সভাপতি আরও বলেন, চূড়ান্ত সিদ্ধান্তের কথা আমিও আগে জানতাম না।

শান্তর পক্ষ থেকে অবশ্য যুক্তি দেওয়া হয়েছে, দলের পরিবেশে একাধিক অধিনায়কের উপস্থিতি ইতিবাচক প্রভাব ফেলে না। সেই কারণেই টেস্ট নেতৃত্ব ছাড়ার সিদ্ধান্ত। তবে বিষয়টি নিয়ে বিসিবির অভ্যন্তরেও রয়েছে ভিন্ন মত। বোর্ড প্রধান বলেন, এই সিদ্ধান্ত কোনো একক ব্যক্তির নয়, এটি বোর্ডের সম্মিলিত সিদ্ধান্ত হওয়া উচিত ছিল। বর্তমানে শ্রীলঙ্কা সিরিজ চলমান থাকায় বড় কোনো সিদ্ধান্ত নিতে চাইছেন না বোর্ড সভাপতি। তবে পাকিস্তান সিরিজ শুরুর আগে তিন ফরম্যাটের অধিনায়ক ও বোর্ড কর্মকর্তাদের নিয়ে বসার পরিকল্পনার কথাও জানান তিনি।

## আইইপি শান্তি সূচকে ৩৩ ধাপ

দক্ষিণ সুদান, ডিআর কঙ্গো এবং সুদান রয়েছে সূচকের সর্বনিম্নে। শান্তির সূচকে দক্ষিণ এশিয়ার অন্যান্য দেশগুলোর অবস্থানও বাংলাদেশের জন্য বিব্রতকর তুলনা হয়ে দাঁড়িয়েছে। এ অঞ্চলে ভুটান (২১তম), নেপাল (৭৬তম), শ্রীলঙ্কা (৯৭তম) এবং ভারত (১১৫তম) বাংলাদেশের চেয়ে অনেক এগিয়ে। এছাড়া পাকিস্তান রয়েছে ১৪৪তম, মিয়ানমার ১৫৩তম এবং আফগানিস্তান ১৫৮তম অবস্থানে। আইইপির মতে, চলমান ভূরাজনৈতিক উত্তেজনা এবং বৈশ্বিক অর্থনৈতিক অনিশ্চয়তার প্রেক্ষাপটে বিশ্বজুড়ে শান্তির গড় স্তর কমেছে ০.৩৬ শতাংশ।

## ঝিনাইদহে বাওড় নিয়ে উন্মুক্ত আলোচনা

সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক ষষ্ঠী চন্দ্র রায় এবং জেলা মৎস্য কর্মকর্তা মো. ফরহাদুর রেজা। এছাড়াও সভায় অংশগ্রহণ করেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) সাইফুর রহমান, সহকারী কমিশনার তানভীর ইসলাম সাগরসহ বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান, সামাজিক ও স্বেচ্ছাসেবী সংগঠনের প্রতিনিধি, গণমাধ্যমকর্মী ও মৎস্যজীবী সম্প্রদায়ের প্রতিনিধিরা।

সভায় মরজাত বাওড়ের প্রতিবেশগত সংকট ও জীববৈচিত্র্য রক্ষায় উপস্থিত অতিথি ও অংশগ্রহণকারীরা নানা প্রস্তাবনা ও পরামর্শ তুলে ধরেন। তারা বলেন, পরিকল্পিত ব্যবস্থাপনা ছাড়া বাওড়ের অস্তিত্ব রক্ষা করা সম্ভব নয়। জেলা প্রশাসক মোহাম্মদ আবদুল আওয়াল বলেন, “ঝিনাইদহ জেলা বাওড়সমৃদ্ধ অঞ্চল। বাওড়ের পরিবেশ ও জীববৈচিত্র্য রক্ষায় জেলা প্রশাসন সর্বোচ্চ গুরুত্ব দিয়ে কাজ করছে। ইতোমধ্যেই ৫ আগস্ট পরবর্তী সময়ে জেলার কোনো বাওড়ে কাউকে একটি বরশি ফেলার অনুমতি দেওয়া হয়নি। এ নির্দেশনার মাধ্যমে আমরা সচেতনতা এবং কার্যকর নিয়ন্ত্রণ নিশ্চিত করছি।তিনি আরও বলেন, প্রতিটি মানুষের সচেতন অংশগ্রহণ ছাড়া প্রকৃতিপ্রেমী সমাজ গড়ে তোলা সম্ভব নয়। বাওড় রক্ষায় সবাইকে একযোগে কাজ করতে হবে।সভা শেষে বাওড় ব্যবস্থাপনা ও পরিবেশ রক্ষায় কার্যকর সুপারিশমালা তৈরির আশ্বাস দেন সংশ্লিষ্ট কর্মকর্তারা।

## দামুড়হুদায় বসতবাড়ি থেকে ১২টি

আসে। এরপর আরও ১০টি সাপ ও ৪০টি সাপের ডিম মাটির নিচে পাওয়া যায়। সাপগুলোকে জীবিত অবস্থায় ধরে নিজের হেফাজতে রাখেন পেশাদার সাপুড়ে মতিয়ার। আর ডিমগুলো নষ্ট করে মাটিতে পুঁতে ফেলা হয়। পরে স্থানীয়দের অনুরোধে মতিয়ার সাপের খেলা দেখান। যদিও অনেকেই এই ঘটনাকে কেন্দ্র করে নিরাপত্তাহীনতায় ভুগছেন। এলাকাবাসীর অভিযোগ, পরিত্যক্ত ঘরগুলো সাপের নিরাপদ আশ্রয়ে পরিণত হচ্ছে, যা ভবিষ্যতে বড় ধরনের বিপদের কারণ হতে পারে।স্থানীয় জনপ্রতিনিধিরা জানান, বিষয়টি নিয়ে প্রয়োজনীয় সতর্কতামূলক পদক্ষেপ গ্রহণ করা হবে। পাশাপাশি এলাকাবাসীকেও সাবধানতার সঙ্গে চলাফেরার পরামর্শ দেওয়া হয়েছে।

## ৩ আগস্ট ‘জুলাই ঘোষণাপত্র’ ও

মাধ্যমে এই পদযাত্রা শুরু হবে। এটি ক্রমান্বয়ে বাংলাদেশের ৬৪টি জেলায় প্রদক্ষিণ করবে। জুলাই অভ্যুত্থানের পরে যে আকাঙ্ক্ষা নিয়ে বলেছিলাম ‘নতুন বাংলাদেশ ২.০’- সেই রাষ্ট্র পুনর্গঠনের কার্যক্রম এখনো চলমান জানিয়ে এনসিপি আহ্বায়ক বলেন, সেই দেশ গড়ার লক্ষ্যে এই জুলাই পদযাত্রা। ১৬ জুলাই, যেদিন আবু সাঈদ শহীদ হয়েছিলেন, সেদিন থেকেই জুলাইয়ের শহীদদের মিছিল শুরু হয়েছিল। সেই দিনটিকে আমরা বৈষম্যবিরোধী শহীদ দিবস হিসেবে পালন করব।এদিন সারা দেশে শহীদদের জন্য দোয়া মাহফিল আয়োজন করা হবে।

## গাংনীতে বীজ-সার ও নারিকেল চারা বিতরণ

কর্মসূচির আওতায় ২০২৪-২৫ অর্থবছরের অংশ হিসেবে উপজেলার ১,৯৪০ জন কৃষককে জন প্রতি ৫ কেজি রোপা আমন ধানের বীজ, ১০ কেজি ডিওপি এবং ১০ কেজি এমওপি সার প্রদান করা হয়। এসময় বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের মোট ১,২০০ শিক্ষার্থীর হাতে নারিকেল চারা তুলে দেওয়া হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন গাংনী উপজেলা কৃষি কর্মকর্তা ইমরান হোসেন। তিনি বলেন, সরকারি এই প্রণোদনা কৃষকদের সাশ্রয়ী কৃষিকাজে সহায়তা করবে এবং ধানের উৎপাদন বাড়াতে সহায়ক হবে। প্রধান অতিথির বক্তব্যে উপজেলা নির্বাহী কর্মকর্তা আনোয়ার হোসেন বলেন, সরকার চায় কোনো কৃষক যেন বীজ ও সারের অভাবে চাষাবাদ থেকে বঞ্চিত না হয়। এই সহায়তার ফলে উৎপাদন খরচ কমবে, কৃষক উপকৃত হবেন।